

চেচেনে গিয়ে পবিত্র কুরআনে চুম্বন করলেন পুতিন

সারে-জমিন



সংখ্যালঘুদের ইউপিএসসি প্রশিক্ষণ শুরু হজ কমিটির



কেন্দ্রের প্রস্তাবিত ওয়াকফ বিল নিয়ে কেন বিতর্ক?

সম্পাদকীয়



পঞ্চায়েত সমিতির দফতরে ভেঙে পড়ল ফলস সিলিং

সাধারণ



অস্ট্রেলিয়ায় স্কুলের পাঠ্যক্রমে নতুন বিষয় ক্রিকেট

খেলতে খেলতে

# আপনজন

APONZONE
Bengali Daily

ইনসাফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর


শুক্রবার
২৩ অগাস্ট, ২০২৪
৭ ভাদ্র ১৪৩১
১৭ সফর, ১৪৪৬ হিজিরি

সম্পাদক
জাইদুল হক

Vol.: 19 ■ Issue: 228 ■ Daily APONZONE ■ 23 August 2024 ■ Friday ■ Kolkata ■ RNI: WBBEN/2004/14450 ■ Price: Rs. 5.00 ■ Pages: 6 ■ www.aponzonepatrika.com/epaper.php ■ aponzone@gmail.com


## প্রথম নজর

### প্রাইমারি বোর্ড কমিটিতে নেই সংখ্যালঘু, উঠছে প্রশ্ন



GOVERNMENT OF WEST BENGAL
SCHOOL EDUCATION DEPARTMENT
ELEMENTARY EDUCATION BRANCH
BIKASH BHAVAN, SALT LAKE, KOLKATA-700091.

NOTIFICATION

**আপনজন ডেস্ক:** বৃহস্পতিবার এক সরকারি বিজ্ঞপ্তিতে পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের নতুন অ্যাডহক কমিটি ঘোষণা করা হয়েছে। অধ্যাপক গৌতম পালের পৌরোহিত্যে ১২ জনের অ্যাডহক কমিটিতে রয়েছেন বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়, যাদবপুর বিশ্ববিদ্যালয়, গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয় ও বিভিন্ন কলেজের অধ্যাপকরা স্থান পেয়েছেন। রয়েছেন পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সহ মধ্য শিক্ষা পর্ষদ, উচ্চমাধ্যমিক শিক্ষা পর্ষদের প্রেসিডেন্টরা। যদিও অ্যাডহক কমিটিতে পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষা পর্ষদের প্রেসিডেন্ট স্থান পাননি। তাই কমপক্ষে একজন সংখ্যালঘু প্রতিনিধিত্ব না থাকায় সোশ্যাল মিডিয়ায় বিভিন্ন সংখ্যালঘু মহল থেকে প্রশ্ন তোলা হচ্ছে, শাসক দলকে উজাড় করে ভোট দিয়েছেন সংখ্যালঘুরা। তারপরও তারা ব্রাত্য কেন। এছাড়া আরও অভিযোগ, পশ্চিমবঙ্গ মাধ্যমিক শিক্ষা পর্ষদের যে ৯জনের অ্যাডহক কমিটি আছে তাতেও কোনও মুসলিম প্রতিনিধিত্ব নেই।

# জেপিসির প্রথম বৈঠকে ওয়াকফ বিল নিয়ে একগুচ্ছ আপত্তি তুললেন বিরোধীরা

**আপনজন ডেস্ক:** বৃহস্পতিবার ওয়াকফ (সংশোধনী) বিল সম্পর্কিত যৌথ কমিটি আলোচনা শুরু করেছে, অনেক সদস্য বৈঠকের মেজাজকে “লড়াকু” বলে বর্ণনা করেছেন। বিরোধীরা সরকারের “অতিরিক্ত হস্তক্ষেপ”, “অমুসলিম সদস্যদের অন্তর্ভুক্তি” এবং ওয়াকফ সম্পত্তির জন্য “দলিল রেকর্ড” চাওয়া সহ বিলের অনেক বিধানের বিরুদ্ধে সমাবেশ করেছে। বিজেপির প্রাক্তন জোটসঙ্গী ওয়াইএসআর কংগ্রেসও এই সংশোধনীর তীব্র বিরোধিতা করেছে। বর্তমান মিত্ররা একটি মধ্যম পথ গ্রহণ করেছিল, সংস্কারকে সমর্থন করেছিল এবং উদ্বেগগুলি সমাধান করেছিল। উল্লেখ্য, শীতকালীন অধিবেশন শুরুর আগেই যৌথ কমিটিকে তাদের রিপোর্ট জমা দিতে হবে, যা নভেম্বরের শেষ সপ্তাহে হওয়ার কথা। মধ্যাহ্নভোজের জন্য সংক্ষিপ্ত বিরতির পর সকাল ১১টায় শুরু হওয়া বৈঠকটি সন্ধ্যা পর্যন্ত চলে। সংখ্যালঘু বিষয়ক মন্ত্রকের আধিকারিকরা বিলের বিভিন্ন বিধান সম্পর্কে বিস্তারিত উপস্থাপনা করেন এবং বিস্তারিতভাবে বর্ণনা করেন। আইন ও বিচার মন্ত্রণালয়ের প্রতিনিধিরাও আইনি দৃষ্টিভঙ্গি দেওয়ার জন্য উপস্থিত



ছিলেন।কোনও সম্পত্তি ওয়াকফ বা সরকারি জমি কিনা তা নির্ধারণে জেলা কালেক্টরকে প্রাথমিক কর্তৃপক্ষ হিসাবে মনোনীত ধারা সংশোধন করার বিষয়ে বিরোধী দলগুলির মধ্যে প্রায় ঐকমত্য ছিল। কংগ্রেস, অল ইন্ডিয়া মজলিস-ই-ইত্তেহাদুল মুসলিমিন, তৃণমূল কংগ্রেস এবং অন্যান্য বিরোধী দলগুলি সকলেই এই ধারাটি অপসারণ চায়। ওয়াকফ বোর্ডে অমুসলিম সদস্যদের অন্তর্ভুক্তির অনুমতি দেওয়ার ধারা নিয়েও ব্যাপক হৈচৈ হয়েছিল। সূত্রের খবর, এআইএমআইএম সাংসদ আসাদউদ্দিন ওয়াইসি অন্যতম সোচ্চার সমালোচক ছিলেন, তিনি বৈঠকে উল্লেখ করেছিলেন যে সরকার বিলের খসড়া তৈরির আগে কোনও আলোচনা করেনি।

যদিও সরকার দাবি করেছে যে তারা সাচার কমিটির রিপোর্টকে বিবেচনায় নিয়েছে, তবে তিনি যুক্তি দিয়েছিলেন যে সরকার সুপারিশগুলি “নিজের মতো বাছাই” করেছে। যেমন, রিপোর্টে ওয়াকফ বোর্ডের সদস্যপদ ‘বিস্তৃত ভিত্তিতে’ সুপারিশ করা হয়েছিল। এটি বোর্ডগুলিতে অমুসলিম সদস্যদের অন্তর্ভুক্তির ন্যায্যতা প্রমাণ করতে এবং সাধারণভাবে মুসলিম সদস্যপদের বাধ্যতামূলক প্রয়োজনীয়তা অপসারণ করতে ব্যবহৃত হয়েছে। তিনি বলেন, এটি কমিশনের সুপারিশের একটি ভুল ব্যাখ্যা। প্রবীণ ওয়াইএসআর কংগ্রেস নেতা এবং রাজ্যসভার সাংসদ বিজয় সাই রেড্ডি প্যানেলে তাঁর দলের প্রতিনিধিত্ব করেছিলেন। সূত্রের খবর, রেড্ডি নতুন আইনে ত্রুটির লম্বা তালিকার দিকে ইঙ্গিত করেছেন। নতুন আইনে বলা হয়েছে যে কেবলমাত্র সেই ব্যক্তিই যিনি “কমপক্ষে পাঁচ বছর ধরে ইসলাম অনুশীলন করেছেন” ওয়াকফে অনুদান দিতে পারবেন। এই ‘পাঁচ বছরের’ ধারাটি সমর্থনযোগ্য নয় বলে বিরোধী দলের সব সাংসদই তাদের মত প্রকাশ করেন।

# ১৫ দিনে ধর্ষণকাণ্ডের বিচার শেষ করতে মোদিকে চিঠি মমতার

**আপনজন ডেস্ক:** ধর্ষণকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি সহ কঠোর কেন্দ্রীয় আইন প্রণয়নের দাবি জানিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে চিঠি দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সংবাদ সম্মেলনে চিঠিটি পড়ে শোনান পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর প্রধান উপদেষ্টা আলাপন বন্দ্যোপাধ্যায়।

চলতি মাসের গোড়ায় কলকাতার আরজি কর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে এক মহিলা চিকিৎসককে ধর্ষণ ও খুনের অভিযোগে দেশজুড়ে বিক্ষোভের প্রেক্ষাপটে এই চিঠি লিখলেন তৃণমূল কংগ্রেস সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়। সারা দেশে নিয়মিত ধর্ষণের ঘটনার কথা উল্লেখ করে মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, প্রাপ্ত তথ্য অনুযায়ী, প্রতিদিন প্রায় ৯০টি ধর্ষণের ঘটনা ঘটে। অনেক ক্ষেত্রে ধর্ষণের শিকার নারীকে হত্যা করা হয়েছে। এই প্রবণতা দেখে ভয় লাগছে। এতে সমাজ ও জাতির আত্মবিশ্বাস ও বিবেক নাড়া দেয়। এটি বন্ধ করা আমাদের বাধ্যতামূলক কর্তব্য যাতে মহিলারা নিরাপদ এবং সুরক্ষিত বোধ করেন। এই ধরনের গুরুতর এবং সংবেদনশীল বিষয়টিকে কঠোর কেন্দ্রীয় আইনের মাধ্যমে ব্যাপকভাবে সমাধান করা দরকার, যেখানে এই কাপুরুষোচিত



অপরাধে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির বিধান রয়েছে। তিনি বলেন, দেশে ধর্ষণ, খুনের ঘটনা বেড়েই চলেছে। যে তথ্য সামনে আসছে, তাতে দেখা যাচ্ছে সারা দেশে একদিনে প্রায় ৯০টির মতো ধর্ষণের ঘটনা ঘটে। মহিলাদের নিরাপত্তা দায়িত্ব সকলের। এই নৃশংস ঘটনার অবসান দরকার। ধর্ষণের মত ঘটনাকে কঠোর হাতে দমন করতে হবে। ফাস্ট ট্র্যাক স্পেশাল কোর্টে এই ধরনের মামলার দ্রুত নিষ্পত্তি যাতে হয় তার যথাযথ ব্যবস্থা করতে হবে। দ্রুত বিচার শেষ করা সুনিশ্চিত করতে ১৫ দিনের মধ্যে বিচার প্রক্রিয়া শেষ করা উচিত।

অন্যদিকে, এদিন আগেই তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় ধর্ষণের বিরুদ্ধে জোরালোভাবে সোচ্চার হন। এক্স হ্যাণ্ডেলে এক দীর্ঘ পোস্টে তৃণমূল সাংসদ বলেন, ‘গত ১০ দিনে আরজি করে মহিলা চিকিৎসককে ধর্ষণ করে খুনের ঘটনায় যখন গোটা দেশ রাস্তায় নেমে প্রতিবাদ জানাচ্ছে, সুবিচারের দাবি করছে। সেই সময় দেশের বিভিন্ন প্রান্তে একের পর এক ধর্ষণের ঘটনা ঘটছে। ভারতের বিভিন্ন শহরে মাত্র ১০ দিনের মধ্যে ৯০০ জন মহিলা ধর্ষণের শিকার হয়েছেন। এত কিছুর পরও অপরাধের কোনও দীর্ঘমেয়াদি সমাধান বার করা গেল না কেন?’ তিনি বলেন, ৫০ দিনের মধ্যে বিচার প্রক্রিয়ার শেষ করে দোষীরা যাতে যথাযথ শাস্তি পায়, তার জন্য আইন আনা হোক। কেন্দ্রের কাছে ধর্ষণ বিরোধী কঠোর আইন চালু করার জন্য রাজ্য সরকারকেই ক্রমাগত চাপ দিতে হবে।


বজবজ ইনস্টিটিউট অফ নার্সিং
চণ্ডীপুর মোড় ■ বিড়লাপুর রোড ■ কলকাতা-৭০০১৩৭
https://bbinursing.com
Project of Amanat Foundation
ছেলেদের জন্য

আশশিফা ইনস্টিটিউট অফ নার্সিং
সহরার হাট ■ ফলতা ■ দক্ষিণ ২৪ পরগনা
https://ashsheefahospital.com
Project of AshSheefa Group
মেয়েদের জন্য

স্কলারশিপ, স্টুডেন্ট ক্রেডিট কার্ডে সহায়তা

- অভিজ্ঞ প্রফেসর ডাক্তার দ্বারা পরিচালিত।
- আধুনিক সুসজ্জিত ল্যাবরেটরি, লাইব্রেরি।
- ১০০+ বেডের নিজস্ব হাসপাতালে এবং অতিরিক্ত আরও ২ টি ১০০+ বেডের হাসপাতালে (আরতি ও ইউনিপন) প্রশিক্ষণের ব্যবস্থা।
- মেয়েদের জন্য হসপিটাল ক্যাম্পাসে নার্সিং স্কুল ও হোস্টেল এর সুযোগ।
- ছেলেদের পৃথক হোস্টেল।
- ভর্তির যোগ্যতা: সায়েন্স/আর্টস/কমার্স) যেকোনও শাখায় HS এ 40% মার্কস।

HS পাস ছেলে ও মেয়েদের জন্য নার্সিং এর অ্যাডমিশন শুরু হয়ে গেছে

GNM
(3Years)
কোর্সে সরাসরি ভর্তি চলছে
ওয়েস্ট বেঙ্গল ও ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল অনুমোদিত



ডাঃ ফারুক উদ্দিন পুরকাইত
MBBS, MD, Dip. Card
(Director)

মুহাম্মদ শাহ আলম, চেয়ারম্যান
ডঃ মোশারফ হোসেন, ভাইস-চেয়ারম্যান

যোগাযোগ
6295 122937 / 93301 26912
9732 589 556

## প্রথম নজর

# বারুইপুর হাসপাতালে এম্বুলেন্স চালকদের দাদাগিরি!



**বাবলু প্রামিনিক ● বারুইপুর**

**আপনজন:** বারুইপুর মহকুমা হাসপাতালে এম্বুলেন্স চালকদের দাদাগিরি। মহিলা চিকিৎসককে হুমকি,অশালীন ভাষায় গালিগালাজ করার অভিযোগ। ঘটনায় হাসপাতাল সুপার ও স্বাস্থ্য দপ্তরে লিখিত অভিযোগ দায়ের মহিলা চিকিৎসকের। বারুইপুর থানার পুলিশ। বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে বলে জানা গিয়েছে স্বাস্থ্য দপ্তর ও পুলিশ সূত্রে। বারুইপুর মহকুমা হাসপাতালের আয়ুর্বেদিক ডাক্তার শবরী সেনগুপ্ত। তার অভিযোগ আয়ুর্বেদিক ডিপার্টমেন্টের সামনেই অ্যাম্বুলেন্স পার্কিং করা হয়। এর ফলে চিকিৎসক,চিকিৎসা কর্মী এবং রোগীদেরও যাতায়াতের সমস্যার মধ্যে পড়তে হয়। বিষয়টি নিয়ে এর আগেও তিনি স্বাস্থ্য দপ্তরে অভিযোগ জানিয়েছিলেন। সেই সময় দিন ১৫ র জন্য বিষয়টির সমস্যার সমাধান হলেও ফের নতুন করে এই সমস্যা দেখা দেয়। ফের তিনি বাধা দিলে আজ অ্যাম্বুলেন্স চালকরা তাকে হুমকি দেয় বলে অভিযোগ। হুমকিও দেওয়া হয় বলে অভিযোগ।

# বাল্য বিবাহ রোধে ইমাম সংগঠনের সভা



**সজিবুল ইসলাম ● মুর্শিদাবাদ**

**আপনজন:** বাল্যবিবাহ ও হজ বিষয়ে আলোচনা সভা ইমাম মুয়াজ্জিন সংগঠনের উদ্যোগে মুর্শিদাবাদ জেলার প্রাণকেন্দ্র বহরমপুরে,জেলার সমস্ত ব্লকের ইমাম মুয়াজ্জিন সংগঠনের প্রতিনিধিদের সঙ্গে নিয়ে জেলার অতিরিক্ত জেলা শাসক,কন্যাশ্রী প্রকল্পের ভারপ্রাপ্ত আধিকারিক, সিনি স্বেচ্ছাসেবী সংগঠনের অফিসার সহ রাজ্যর ইমাম মুয়াজ্জিন সংগঠনের যুগ্ম সম্পাদক মাওলানা আব্দুর রাজ্জাক।এদিনের আলোচনা সভায় বিশেষ করে বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ে গুরুত্ব দিয়ে আলোচনা করা হয়,বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ে ইমাম মুয়াজ্জিন দের দায়িত্ব বেশি করে নিতে হবে বলেও এদিনের সভায় উঠে আসে।পাশাপাশি আগামী ২০২৫ সালের হজ বিষয়ে আলোচনা করা হয় ।

# ভাগীরথীতে মৃতদেহ উদ্ধার



**আরবাজ মোল্লা ● নদিয়া**

**আপনজন:** নদীয়ায় ভাগীরথী নদী থেকে এক অজ্ঞাত পরিচয় ব্যক্তির মৃতদেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য। শান্তিপুর মহাস্মশান সংলগ্ন মৃতদেহে দেখতে বৃহস্পতিবার সকালে ঘাটে জলের মধ্যে এক বেক্তিকে ভেসে থাকতে দেখেন এলাকার লোকজন। তড়িঘড়ি খবর দেওয়া হয় শান্তিপুর থানায়।শান্তিপুর থানার পুলিশ মৃতদেহ উদ্ধার করে হাসপাতালে নিয়ে গেলে কর্ত্যব্যরত চিকিৎসকেরা মৃত বলে ঘোষণা করে।পুলিশ সূত্রে জানা গেছে, মৃতদেহ নাম পরিচয় এখনো জানা যাইনি। মৃতের পরিচয় জানতে ইতিমধ্যে খোঁজ শুরু করেছে শান্তিপুর থানার পুলিশ।

# সংখ্যালঘুদের জন্য ইউপিএসসি প্রশিক্ষণ শুরু করল হজ কমিটি



**আপনজন ডেস্ক:** শুধু হাজির জন্য পরেষবা বজায় না রেখে সংখ্যালঘু সমাজের শিক্ষার উন্নয়নে নানা কাজ করে চলেছে পশ্চিমবঙ্গ হজ কমিটি। সংখ্যালঘুদের উচ্চ পদস্থ আমলা করে তোলার লক্ষ্যে বৃহস্পতিবার কৈখালির হজ টাওয়অরে শুরু হল ইউপিএস পরীক্ষার প্রশিক্ষণ, যে পরীক্ষা উত্তীর্ণ হলে অইএএস, আইপিএস হওয়া যায়। ইতিমধ্যে বেশ কয়েকবছর হল রাজ্য হজ কমিটির ডব্লুবিসিএস প্রশিক্ষণের ব্যবস্থা করে আসছে সংখ্যালঘু ছাত্রছাত্রদের জন্য। একেবারে বিনামূলে সেই আবাসিক কোচিং থেকে বহু ছাত্রছাত্রী ডব্লুবিসিএসে উত্তীর্ণ হয়ে সরকারি উচ্চ পদস্থ আধিকারিকরূপে কর্মরত। এবার এখানেই সীমাবদ্ধ না থেকে মূলত আইএএস, আইপিএস গড়ার লক্ষ্যে শুরু হল এই ইউপিএসসি কোচিং। বৃহস্পতিবার ‘যোগ্যশ্রী’ শিরোনামে এই আবাসিক ইউপিএসসি কোচিংয়ের উদ্বোধন করেন রাজ্যের সংখ্যালঘু দফতরে সচিব আইএএস পি বি সালিম। উপস্থিত ছিলেন সংখ্যালঘু দফতরের স্পেশাল কমিশনার আইএএস শাকিল আহমেদ, রাজ্য হজ কমিটির এক্সিকি্উটিভ অফিসার মুহাম্মদ নকি, হজ আধিকার সৈয়দ নায়ার হাশমি প্রমুখ।

উল্লেখ্য, রাজ হজ কমিটির উদ্যোগে ডব্লুবিসিএসের পর ইউপিএসসি কোচিং শুরু করায় রাজ্যের সংখ্যালঘু মহল যারপরনাই খুশি। কারণ, কলকাতায় বা এ রাজ্যে ইউপিএসসি কোচিংয়ের তেমন ভাল কোনও ব্যবস্থা নেই। সংখ্যালঘু শিক্ষিত যুবক যুবতীদের জন্য সেই রাস্তা খুলে দিল রাজ্য হজ কমিটি।

# আরজি কর কান্ডে দোষীদের ফাঁসির দাবি বিভিন্ন ধর্মীয় নেতাদের




**জাকির সেখ ● কলকাতা**

**আপনজন:** আর জি কর মেডিক্যাল কলেজ কান্ডে জড়িত দোষীদের শাস্তির দাবিতে সরব হয়েছে বিভিন্ন মহলের মানুষ। এবার এই দাবিতে সরব হয়েছেন বিভিন্ন ধর্মের ধর্মগুরুরা। বুধবার কলকাতার প্রেস ক্লাবে অল বেঙ্গল ইমাম মুয়াজ্জিন এসোসিয়েশন এবং পশ্চিমবঙ্গ রাজ্য সনাতন ব্রাহ্মণ ট্রাস্টসহ আরও অন্যান্য ধর্মের প্রতিনিধিদের উপস্থিতিতে দোষীদের ফাঁসির দাবি জানিয়ে সাংবাদিক সম্মেলন করেন তারা। অল বেঙ্গল ইমাম মুয়াজ্জিন এসোসিয়েশন সংগঠনের রাজ্য সাধারণ সম্পাদক মাওলানা নিজামুদ্দিন বিশ্বাস বলেন আরজি করের ঘটনার পূর্নাঙ্গ তদন্ত করে দোষীদের ফাঁসি কার্যকর করতে হবে এবং পরিবারকে ক্ষতিপূরণ দিতে হবে। এছাড়াও উত্তরাখণ্ডে নার্সকে ধর্ষণ করে যে খুন করা হয়েছে দোষীদেরও কঠোর শাস্তির দাবি জানান। এছাড়াও হাথরস, উন্নাও, বিলকিস বানু সহ সমস্ত ধর্ষণের ঘটনার সিবিআই তদন্তের দাবি জানান।

উপস্থিত ছিলেন অল বেঙ্গল ইমাম মুয়াজ্জিন সংগঠনের সভাপতি মাওলানা জিয়াউল হক লস্কর, সনাতন ব্রাহ্মণ ট্রাস্টের রাজ্য সম্পাদক শ্রীধর মিশ্র, সভাপতি সুমন ব্যানার্জি, ইন্দ্রনীল মুখার্জী, ফাদার সঞ্জীব কুমার দাস, শিখ ধর্ম গুরু স্বরণ সিং, মাওলানা আব্দুল আজিজ, মাওলানা আসাদুল্লাহ আল হোসাইনী প্রমুখ।

# টিএমসিপির প্রতিষ্ঠা দিবস উপলক্ষে মিছিল

**সেখ মহম্মদ ইমরান ● কেশপুর**

**আপনজন:** ২৮ শে আগস্ট তৃণমূল ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবস। কলকাতায় বড় করে আয়োজন করা হচ্ছে। তার আগে কলকাতার আয়োজনকে সফল করার লক্ষ্যে কেশপুরে প্রস্তুতি মিছিল হল বৃহস্পতিবার দুপুরে। কেশপুর ব্লক তৃণমূল ও কেশপুর কলেজ তৃণমূল ছাত্র পরিষদের উদ্যোগে কয়েকশ তৃণমূল ছাত্র পরিষদ সমর্থক এদিন মিছিল করে কেশপুর বাজারে। কেশপুর কলেজ থেকে এই মিছিল কেশপুর বাজার পরিক্রমা করে হাজির হয় কেশপুর বাসস্ট্যান্ডে। ছোট্ট একটি সভার মধ্য দিয়ে এই কর্মসূচি শেষ হয়। আয়োজকরা জানিয়েছেন-তৃণমূল ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবস ঘটা করে আয়োজন করা হবে। ২৬ তম বর্ষের এই প্রতিষ্ঠা দিবস উপলক্ষে ২৬ টি চারা গাছ রোপন করা হয়েছে। এদিনের এই মিছিলের পর টিএমসিপি নেতৃত্বরা আর জি কর



ইসুতে মন্তব্য করেছেন। আর জি কর ইস্যু নিয়ে বিরোধীরা বিভিন্ন রকম কুৎসা সমালোচনা করছেন বলে দাবি তাদের। তাই সে সমস্ত সমালোচকদের রাজনৈতিকভাবে মোকাবেলা করার কথাও জানিয়েছেন টিএমসিপি কর্মী সমর্থকরা।

এদিনের এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন ঘাটাল সাংগঠনিক জেলা তৃণমূল ছাত্র পরিষদের সভাপতি সৈয়দ মিলু, কেশপুর ব্লক তৃণমূল ছাত্র পরিষদ সভাপতি ইনজামুল হক, কেশপুর কলেজ তৃণমূল ছাত্র পরিষদের সভাপতি শেখ মহব্বত হোসেন প্রমুখ।

# আরজি কর কাণ্ডে রাজ্যের কাছে নানা প্রশ্ন শীর্ষ আদালতের

**সমীর দাস ● কলকাতা**



**আপনজন:** বৃহস্পতিবার ছিল আর জি করের মর্মান্তিক ঘটনা নিয়ে শীর্ষ আদালতে দ্বিতীয় দিনের শুনানি। নির্ধারিত সময়, সাড়ে দশটা নাগাদ শুরু হয় শুনানি। কিন্তু সেই শুনানি পর্বে এমন অনেক প্রশ্নের মুখোমুখি হতে হয় রাজ্যের আইনজীবীদের, যে প্রশ্নের কোনো উত্তর তারা দিতে পারেন নি।

স্বাভাবিক কারণেই ওই মর্মান্তিক কাণ্ডে রাজ্যের ভূমিকা নিয়ে প্রশ্ন উঠেছে অনেক। বৃহস্পতিবার এই মামলার শুনানি হয় প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড়, বিচারপতি জেবি পারদিওয়ালা ও বিচারপতি মনোজ মিশ্রের বেঞ্চে। রাজ্যের পক্ষে শওয়াল করেন আইনজীবী কপিল সিব্বল সহ মোট ১০ জন আইনজীবী।

প্রথম থেকেই প্রধান বিচারপতিদের প্রশ্নের মুখে বড়ো অসহায় ছিলেন রাজ্যের প্রধান আইনজীবী কপিল সিব্বল। রাজ্য সরকারের আইনজীবীর দেওয়া টাইমলাইন নিয়ে ছত্রে ছত্রে প্রশ্ন তুলল সর্বোচ্চ আদালত।

পড়ুয়া-চিকিৎসকের দেহ উদ্ধার থেকে শুরু করে, ময়নাতদন্ত এবং এফআইআর দায়ের নিয়ে প্রশ্ন তুলেছে সুপ্রিম কোর্ট।

সর্বোচ্চ আদালতের প্রশ্ন, ‘এফআইআর দায়েরের আগে কী করে ময়নাতদন্ত হল?’ এদিন শীর্ষ আদালত প্রশ্ন করে, ‘সকাল সাড়ে ১০টায় অভিযোগ নথিভুক্ত করা হয়, সন্ধে সাড়ে ৬টা-সাড়ে ৭টা পর্যন্ত ময়নাতদন্ত। এরপর রাত সাড়ে ১১টায় কেন অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু হল? অপরাধের জায়গা সুরক্ষিত করতেই বা এত দেরি হল কেন?’ স্বাভাবিক কারণেই বিব্রত বোধ করেন সিব্বল। তিনি উত্তর খোঁজার চেষ্টা করেন।

আদালত স্পষ্ট করেই বলেন, তথ্য প্রমাণ সংরক্ষণে প্রচুর গাফিলতি ছিল রাজ্যের। খুনের জায়গায় গুরুত্বপূর্ণ তথ্যপ্রমাণ লোপাট করার আশঙ্কা প্রকাশ করেছে দেশের শীর্ষ আদালত। রাজ্যের আইনজীবী কপিল সিব্বলের উদ্দেশে সুপ্রিম কোর্ট মন্তব্য করে, ‘পরের বার শুনানির সময় যখন আসবেন, তখন একজন দায়িত্বশীল পুলিশ অফিসারকে নিয়ে আসবেন। কেননা আমরা এখনও এই প্রশ্নের উত্তর পাইনি যে, কখন অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু হয়েছে।’ এর পরেই এক বিচারপতি বলেন, রাজ্যের আইনজীবীর কথায় অনেক ফাঁক রয়ে গেছে। তাই সব প্রশ্নের উত্তর উনি দিতে পারছেন না। যদিও রাজ্যের আইনজীবী কপিল সিব্বল একাধিক যুক্তি খাড়া করেন, যদিও তা ধোপে টেকেনি সে অর্থে। আদালতে শুনানি চলাকালীন প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড় গোটা ঘটনায় পুলিশের ভূমিকা নিয়ে প্রশ্ন তোলেন। তিনি বলেন, এই বিষয়ে কি রাজ্য কিছু গোপন করতে চাইছে? তা নাহলে কেন সমস্ত গুরুত্বপূর্ণ প্রশ্নের উত্তর তারা দিতে পারছে না। কেন প্রথমে আত্মহত্যা বলা হল? কেন এতো দেরিতে এফআইআর হল?

# আরজি কর কাণ্ডে জড়িত দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে: এসআইও

**নিজস্ব প্রতিবেদক ● কলকাতা**




**আপনজন:** কলকাতার আর. জি. কর হাসপাতালে চিকিৎসক ছাত্রীর ওপর বর্বরোচিত ধর্ষণ ও হত্যাকাণ্ডের প্রতিবাদে আজ স্টুডেন্ট ইসলামিক অর্গানাইজেশন অফ ইন্ডিয়া (এসআইও) পশ্চিমবঙ্গ শাখার উদ্যোগে ধর্মতলার ওয়াই-চ্যানেলে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়। এই বিক্ষোভ সমাবেশে আর. জি. কর কান্ডে জড়িত সকল অপরাধীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি তোলা হয়। দোষীদের বিচারের দাবিতে মুহুর্মুহু স্লোগানে মুখরিত হয়ে ওঠে ওয়াই- চ্যানেল প্রান্তর। বিক্ষোভ সমাবেশে সংগঠনের রাজ্য সভাপতি সাইদ মামুন আর. জি. কর হাসপাতাল কাণ্ডের পরিপ্রেক্ষিতে জেলার সরকারী হাসপাতালগুলিতে নিরাপত্তা সংক্রান্ত বিষয়গুলি গুরুত্বের সঙ্গে দেখতে রাজ্য সরকারকে আহ্বান জানান। মহিলা চিকিৎসক, নার্স ও চিকিৎসাকর্মীরা যাতে কর্মস্থলে কোনরকম হেনস্থার শিকার না হন, সেটার জন্য প্রয়োজনীয় পদক্ষেপের জোর দাবি তোলেন এসআইও নেতৃবৃন্দ। শুঅবিলম্বে নারীমুক্তির স্থায়ী সমাধান বের করতে হবে আমাদের। ধর্ষণকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে বলে মতামত ব্যক্ত করেন এসআইও নেতৃত্ব। এই বিক্ষোভ সমাবেশে উপস্থিত ছিলেন এসআইও সর্বভারতীয় সম্পাদক ইমরান হোসেন, পশ্চিমবঙ্গ শাখার রাজ্য সভাপতি সাঈদ মামুন, রাজ্য সাধারণ সম্পাদক আব্দুল ওয়াকিল, রাজ্য সংগঠন সম্পাদক ডা. এহসানুর রহমান, দক্ষিণবঙ্গ শিক্ষাঙ্গন সম্পাদক জুবাইর আহমেদ, শিক্ষা সম্পাদক মো. মুরসালীম, রাজ্য জনসংযোগ সম্পাদক সফিকুল ইসলাম মন্ডল, জামাআতে ইসলামী হিন্দ পশ্চিমবঙ্গ শাখার রাজ্য সম্পাদক সাদাব মাসুম, জামাআতে ইসলামী হিন্দ কোলকাতা জেলা সভাপতি জুলফিকার আলী গাজী, জামাআতে ইসলামী হিন্দ কোলকাতা মেট্রো সিটির মহিলা শাখার সভানেত্রী মাহফুজা খাতুন প্রমুখ।

# রায়গঞ্জে প্রতিবাদ মিছিল ইমাম অ্যাসোসিয়েশনের




**মোহাম্মদ জাকারিয়া ● রায়গঞ্জ**

**আপনজন:** আর জি কর মেডিক্যাল কলেজের নিশংস ঘটনার প্রতিবাদে এবার পথে নামল অল ইন্ডিয়া ইমাম অ্যাসোসিয়েশন। সম্প্রতি সংগঠনের পক্ষ থেকে উত্তর দিনাজপুর জেলার রায়গঞ্জ শহরে একটি বিশাল প্রতিবাদ মিছিলের আয়োজন করা হয়। রায়গঞ্জের শিলিগুড়ি মোড় থেকে শুরু হয়ে, মিছিলটি শেষ হয় শহরের ঘড়ি মরে। সেখানে একটি পথ সভা অনুষ্ঠিত হয়, যেখানে উপস্থিত ছিলেন অল ইন্ডিয়া ইমাম অ্যাসোসিয়েশন এর রাজ্য সহ-সভাপতি ডক্টর মোহাম্মদ বাশির উদ্দিন।

ডক্টর মোঃ বাশির উদ্দিন তার বক্তব্যে বলেন, “আমরা পশ্চিমবঙ্গের মানুষকে শান্তির বার্তা দিতে চাই। মানুষ যাতে প্রশাসনের উপর আস্থা রাখে, তা নিশ্চিত করতে হবে।” তিনি আরও বলেন, “আর জি করের নৃশংস ঘটনায় প্রশাসন যেন দ্রুত দোষীদের শাস্তি নিশ্চিত করে। এই ঘটনার পর থেকে গ্রাম থেকে শহরে অভিভাবকদের মধ্যে আতঙ্ক বিরাজ করছে। বিশেষ করে, যাদের সন্তানরা হোস্টেলে থাকেন, তারা দুশ্চিন্তায় ভুগছেন। আমরা চাই সকলে যাতে শান্তিতে এবং নিরাপত্তায় বসবাস করতে পারে।” এই মিছিল ও সভার মাধ্যমে অল ইন্ডিয়া ইমাম অ্যাসোসিয়েশন জানিয়ে দিল, তারা সমাজে শান্তি ও সম্প্রীতি বজায় রাখতে বদ্ধপরিকর। মিছিলকারীদের কণ্ঠে ধ্বনিত হচ্ছিল ন্যায়বিচারের দাবি এবং সহিংসতার বিরুদ্ধে কঠোর প্রতিরোধের আহ্বান। এর মাধ্যমে তারা সরকারের প্রতি আহ্বান জানিয়েছে, যেন তারা দ্রুত এবং কার্যকর ব্যবস্থা গ্রহণ করে দোষীদের শাস্তি দেয়।

উপস্থিত ছিলেন অল ইন্ডিয়া ইমাম অ্যাসোসিয়েশন এর রাজ্য সহ-সভাপতি ডক্টর মোহাম্মদ বাশির উদ্দিন। উত্তর দিনাজপুর জেলা সভাপতি মোহাম্মদ আসির উদ্দিন। জেলা সম্পাদক মোহাম্মদ মাহির উদ্দিন সহ আরো অনেকেই।

# হোটেলে মহিলা খুনের কিনারা



**হাসান লস্কর ● রায়দিঘি**

**আপনজন:** প্রায় সাত মাস আগে রায়দিঘির এক আবাসিক হোটেলে এক মহিলা খুন হয়েছিল। দীর্ঘদিন যাবত পুলিশ কোনভাবেই এই খুনের কিনারা করতে পারছিল না। সাত মাস পর হোটেলে খুন হওয়া মহিলার অভিযুক্ত গ্রেফতার হয়। সে এখন পুলিশ কাস্টোরিতে আর তাকে নিয়ে চলল পূর্ণনির্মাণ।

প্রায় সাত মাস আগে রায়দিঘির একটি আবাসিক হোটেল থেকে আনুমানিক ৩০ বছরের এক মহিলার মৃতদেহ উদ্ধার হয়, সেই ঘটনায় তদন্ত নামে রায়দিঘি থানার পুলিশ, বহু জায়গায় তদন্ত চালিয়েও মেয়েটির পরিচয় কিছুতেই জানা যাচ্ছিল না। পরে পুলিশ তা উদ্ধার করে। জানতেই পুলিশের অনেক হয়রানি হতে হয়, শেষ পর্যন্ত পুলিশ মেয়েটির পরিচয় জানতে পারে, এবং প্রায় সাত মাস পরে অভিযুক্তকে গ্রেফতার ও করে।পুলিশ সূত্রে জানা যায় অভিযুক্তর নাম বাপি মন্ডল (৩৫)। বাড়ি বকুলতলা থানার মনিরতট এলাকায়, পুলিশ সূত্রে খবর, কুলতলী থানার অন্তর্গত ওই মহিলার সাথে আগে পরিচয় ছিল বাপি মন্ডলের।

# বিদ্যাসাগর বিদ্যামন্দিরে নবী দিবস



**সেখ সামসুদ্দিন ● মেমারি**

**আপনজন:** মেমরি বিদ্যাসাগর স্মৃতি বিদ্যামন্দির শাখা ২ বিদ্যালয়ে নবী দিবস পালিত হয়। এই অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষক হাজী হাফিজ সাহেব ও ইমাম জাকির হোসেন। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন প্রধান শিক্ষক সুব্রত মুখার্জী ও সঞ্চালনা করেন বিদ্যালয়ের শিক্ষক আনিসুর রহমান। এই অনুষ্ঠানকে কেন্দ্র করে পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণীর ছাত্র-ছাত্রীরা উৎসাহের সঙ্গে অংশগ্রহণ করে এবং ছাত্র-ছাত্রীরা গজল পেশ করেন। হাফিজ সাহেবের বক্তব্য ছাত্র-ছাত্রীদের উদ্দীপ্ত করে এবং মৌলানা জাকির হোসেনের বক্তব্য ছাত্র-ছাত্রীদের কাছে শিক্ষণীয় ছিল।

## ছড়িয়ে-ছিটিয়ে

# স্বেচ্ছায় রক্তদান শিবির গলসিতে



**আজিজুর রহমান ● গলসি**

**আপনজন:** তীব্র গরমে রক্ত সংকট চলছে বর্ধমান জেলার ব্লাড ব্যাংক গুলিতে। পরিস্থিতি মোকাবেলা করতে হিমশিম খাচ্ছে ব্লাড ব্যাংক গুলি। সেই রক্ত সংকট মেটাতে এগিয়ে এলো গলসির “কৈতাড়া সমাজসেবী কর্মীবৃন্দ” নামে একটি স্বেচ্ছাসেবী সংগঠন। এদিন তাদের উদ্যোগে গ্রামের পঞ্চানন তলায় একটি স্বেচ্ছায় রক্তদান শিবিরের আয়োজন করা হয়। যেখানে পুরুষ মহিলা সহ মোট ৫৫ জন স্বেচ্ছায় রক্তদান করেন। শিবিরে সংগৃহীত রক্ত ক্যেমরি ব্লাড ব্যাঙ্কের হাতে তুলে দেওয়া হয়। এদিন তারা বিনামূল্যে একটি স্বাস্থ্য পরীক্ষার শিবিরের আয়োজন করেন।

# বুদ্ধদেব ছিলেন সংগ্রামী নেতা: বিমান বসু



**নুরুল ইসলাম খান ● কলকাতা**

**আপনজন:** তিনি যে শুধু একজন আদর্শবান নেতার পাশাপাশি ছিলেন একজন আদর্শবান মানুষ ও সমাজ পরিবর্তনের অন্যতম কারিগর। বৃহস্পতিবার কলকাতার নেতাজী ইনডোর স্টেডিয়ামে কমরেড বুদ্ধদেব ভট্টাচার্য এঁর স্মরণ সভায় এই কথাগুলো বললেন বর্ষীয়ান সিপিআই এম নেতা বিমান বসু। তিনি বলেনম আসলে বুদ্ধদেব ভট্টাচার্য একজন দায়িত্বশীল সংগ্রামী নেতার মধ্য দিয়ে ছাত্র যুবদের ঐক্য স্থাপন করে সাধারণ মানুষের মধ্যে গণসচেতনতা বৃদ্ধি করে ছিলেন। তিনি বলেন কলকাতা পুস্তক মেলাকে এককরে পাবলিশার্স এবং গিল্ড কে মিলিয়ে আন্তর্জাতিক বই মেলার সৃষ্টি করেছিলেন। তাঁর অভাব সমাজ এখন অনুভব করছেন। অন্যদিকে দলের রাজ্য সম্পাদক ও পলিটব্যুরো নেতা মহম্মদ সেলিম বলেন শিল্প সাহিত্য ও সংস্কৃতির প্রান ছিলেন। তিনি ছিলেন আছেন আমাদের সামনে লেখালেখি , কবিতা পাঠ আবৃত্তি সহ সমগ্র সংস্কৃতি জগত ছিল তাঁর আত্মজ। বিদেশি নামী অনেক কবির কবিতা অনুবাদ করেছেন।বহুপ্রতিভার অধিকারি বুদ্ধ বাবু ছিলেন রাজনৈতিক ময়দানেও সাবলিল এবং স্বচ্ছ রাজনীতি করেছেন।তার একমাত্র প্রমাণ ননদীগ্রাম। সংস্কৃতির প্রান কেন্দ্র রবীন্দ্র সদন , বাংলা আকাদেমি,গগনেদ্র প্রদর্শনা কেন্দ্র সহ আধিবাসি ও পিছিয়ে পড়া মানুষের জন্য সৃষ্টি করেছিলেন মাথার ছাদ। রাজনৈতিক নেতা, মুখ্যমন্ত্রী এবং শিকষীত বেকার যুবকদের জন্য নতুন কর্ম সংস্থান তৈরী করে রাজ্যের চেহারা পাল্টে দিতে উদ্যোগী হয়েছিলেন। সভায় উপস্থিত ছিলেন বুদ্ধ- স্ত্রী মীরা ভট্টাচার্য, শ্রীদীপ ভট্টাচার্য, পার্টির পলিটব্যুরো নেতা ডাক্তার সূর্যকান্ত মিশ্র প্রমুখ।

# রাত্রিকালীন আবর্জনা মুক্ত করবে বর্ধমান পুরসভা



**মোল্লা মুয়াজ ইসলাম ● বর্ধমান**

**আপনজন:** বর্ধমান পৌরসভা থেকে রাত্রিকালীন পরিষেবা শুরু করার উদ্যোগের শুভ সূচনা হয়েছে, যার মাধ্যমে শহরকে আবর্জনামুক্ত রাখা হবে। এই উদ্যোগের উদ্বোধন উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়, যেখানে উপস্থিত ছিলেন বর্ধমান দক্ষিণের বিধায়ক খোকন দাস, পৌরসভার চেয়ারম্যান পরেশ চন্দ্র সরকার, জনজাল পরিষ্কার পরিচ্ছন্নতার দায়িত্বে থাকা এমসিসিআই প্রদীপ রহমান, পৌরসভার সম্পাদক জয়রঞ্জন সেন এবং অন্যান্য কাউন্সিলর ও পৌরসভার আধিকারিকগণ।

এই উদ্যোগের অংশ হিসেবে ১১টি ডাস্টবিন গাড়ির উদ্বোধন করা হয়, যা রাতের বেলায় শহরের বিভিন্ন স্থানে পড়ে থাকা আবর্জনা পরিষ্কার করবে। এতে শহরের ৩৫টি ওয়ার্ডে পরিষ্কার-পরিচ্ছন্নতার ব্যবস্থা আরও সুসংহত হবে। এই উদ্যোগের ফলে ডাস্টবিনের দুর্গন্ধ থেকে সাধারণ মানুষকে মুক্তি দেওয়া সম্ভব হবে।

# কংগ্রেস ছেড়ে তৃণমূলে যোগদান নলহাটিতে



**মোহাম্মদ সানাউল্লা ● নলহাটি**

**আপনজন:** এবার দলবদলের খেলা নলহাটি ২ নং ব্লক এলাকায়। কারণ গত পঞ্চায়েত নির্বাচনের পর থেকে এই এলাকাটি বাম কংগ্রেসের দুর্গ হিসাবে জেলা তৃণমূল কংগ্রেসে তার প্রভাব বিস্তার করে। এবার সেই বিরোধীদের দুর্গে কোপ বসাল শাসক দল তৃণমূল কংগ্রেস। বান্দখালা গ্রামের ৭ টি পরিবার যারা ভারতের জাতীয় কংগ্রেস কর্মী হিসেবে এলাকায় পরিচিত।তারা কংগ্রেস ছেড়ে রামপুরহাটে বিধায়কের দলীয় কার্যালয়ে তৃণমূলে যোগদান করলেন। সেখানে তাদের হাতে তৃণমূলের দলীয় পতাকা তুলে দিয়ে দলে স্বাগত জানান হাঁসন কেন্দ্রের বিধায়ক অশোক কুমার চট্টোপাধ্যায়। সঙ্গে উপস্থিত ছিলেন নলহাটি ২নং পঞ্চায়েত সমিতির সভাপতি বরুন ভট্টাচার্য , নলহাটি ২নং ব্লক তৃণমূলের ৫ জন কোর কমিটির আহ্বায়ক রেজাউল হক এবং কুদরতের খোদা স্বপন।

**প্রথম নজর**

## লেবাননে ইসরায়েলি হামলায় ফাতাহ কমান্ডার নিহত



**আপনজন ডেস্ক:** লেবাননের দক্ষিণাঞ্চলীয় শহর সিডনে ইসরায়েলি ড্রোন হামলায় ফিলিস্তিনের পশ্চিম তীরের শাসক গোষ্ঠী ফাতাহ-এর এক সামরিক কমান্ডার নিহত হয়েছেন। বুধবার (২১ আগস্ট) এই হামলা হয়। ফাতাহ গোষ্ঠী বিষয়টি নিশ্চিত করেছে।
গোষ্ঠীটির সশস্ত্র শাখা আল-আকসা শহীদ ব্রিগেডস এক বিবৃতিতে বলেছে, উপকূলীয় শহর সিডনে খলিল আল-মাকদাহ 'ফিলিস্তিনি জনগণ এবং প্রতিরোধের সমর্থনে তার দায়িত্ব পালন করার সময়' ইসরায়েলি হামলায় নিহত হয়েছেন।
দশ মাসের বেশি সময় ধরে গাজায় চলমান যুদ্ধ ও হিজবুল্লাহর সঙ্গে পাল্টা পাল্টি হামলার মধ্যে এই প্রথম ফাতাহ-এর বিরুদ্ধে ইসরায়েলি হামলার খবর জানা গেলো। ফিলিস্তিনি প্রেসিডেন্ট মাহমুদ আব্বাসের নেতৃত্বাধীন ফাতাহ পশ্চিম তীর শাসন করছে। তাদেরকে গাজার শাসক গোষ্ঠী হামাসের প্রতিদ্বন্দ্বী হিসেবে মনে করা হয়।
লেবাননের রাষ্ট্রীয় ন্যাশনাল নিউজ এজেন্সি জানিয়েছে, সিডনের ভিলাস এলাকায় একটি ইসরায়েলি ড্রোন আল-মাকদাহের গাড়িতে আঘাত হানলে তিনি নিহত হোন। ইসরায়েলি সেনাবাহিনী সিডনে একটি বিমান হামলায় আল-মাকদাহকে হত্যার বিষয়টি নিশ্চিত করেছে।
ইসরায়েলি সেনাবাহিনীর এক বিবৃতিতে দাবি করা হয়েছে, আল-মাকদাহ এবং তার ভাই মুনির ইসরায়েলের বিরুদ্ধে হামলা চালানোর জন্য কয়েক বছর ধরে হিজবুল্লাহ এবং ইরানের ইসলামিক বিপ্লবী গার্ড কর্পের সাথে কাজ করেছেন।

## গাজাজুড়ে ইসরায়েলি হামলা, নিহত অর্ধশতাধিক



**আপনজন ডেস্ক:** ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা উপত্যকায় ইসরায়েলি বাহিনীর হামলায় আরো অর্ধশত ফিলিস্তিনি নিহত হয়েছেন। আহত হয়েছেন শতাধিক মানুষ। এ নিয়ে ১০ মাসেরও বেশি সময় ধরে ইসরায়েলের চালানো হামলায় নিহত ফিলিস্তিনিদের সংখ্যা ৪০ হাজার ২২০ জন ছাড়ালো। আহতের সংখ্যা প্রায় ৯৩ হাজার ছুঁইছুঁই করছে। বুধবার এক প্রতিবেদনে সংবাদমাধ্যম আনাদোলু এজেন্সি জানিয়েছে, গাজা উপত্যকায় ইসরায়েলি হামলায় আরো ৫০ ফিলিস্তিনি নিহত হয়েছেন। এ নিয়ে গত বছরের ৭ অক্টোবর থেকে শুরু করে এখন পর্যন্ত মোট মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৪০ হাজার ২২৩ জনে। মন্ত্রণালয় এক বিবৃতিতে জানিয়েছে, নিরলস এই হামলায় এখন পর্যন্ত ৯২ হাজার ৯৮১ জন ব্যক্তিও আহত হয়েছেন। মন্ত্রণালয় বলেছে, গত ২৪ ঘণ্টায় ইসরায়েলি বাহিনীর অব্যাহত আগ্রাসনে ৫০ জন নিহত এবং আরো ১২৪ জন আহত হয়েছেন। অনেক মানুষ এখনো ধ্বংসস্তূপের নিচে এবং রাস্তায় আটকা পড়ে আছেন কারণ উদ্ধারকারীরা তাদের কাছে পৌঁছাতে পারছেন না। ফিলিস্তিনি স্বাস্থ্য কর্তৃপক্ষ মনে করছে, গাজা উপত্যকাজুড়ে ধ্বংস হওয়া বাড়ির ধ্বংসস্তূপের নিচে এখনও ১০ হাজারেরও বেশি লোক নিখোঁজ রয়েছেন। মূলত গাজায় অবিলম্বে যুদ্ধবিরতির দাবি জানিয়ে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের প্রস্তাব সত্ত্বেও ইসরায়েল অবরুদ্ধ এই ভূখণ্ডে তার নৃশংস আক্রমণ অব্যাহত রেখেছে। গত বছরের অক্টোবর মাসের ৭ তারিখে ইসরায়েলে বড় সামরিক অভিযান চালায় গাজার হামাস সরকার। এর পরপরই গাজায় গণহত্যা শুরু করে ইসরায়েল। ইসরায়েলি আগ্রাসনে গাজার অসংখ্য শিশু তাদের হাত অথবা বাহু হারিয়ে পঙ্গুত্ববরণ করছে। পঙ্গুত্ব বরণ করা এসব শিশুকে রোজই ভয়ানক সব পরিস্থিতির মুখোমুখি হতে হচ্ছে।

# পবিত্র কুরআনে চুম্বন করলেন পুতিন



**আপনজন ডেস্ক:** চেচনিয়ায় আকস্মিক সফর করেছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। ইউক্রেনের বিরুদ্ধে যুদ্ধে চেচনিয়ার সেনাবাহিনী ও স্বেচ্ছাসেবকদের প্রস্তুতি দেখতেই পুতিনের এই ঝটিকা সফর। মুসলিম অধ্যুষিত চেচনিয়া রাশিয়ারই একটি অংশ। পূর্বঘোষণা ছাড়াই ১৩ বছর পর মঙ্গলবার চেচনিয়ায় পা রাখেন পুতিন। সফরকালে রুশ প্রেসিডেন্ট চেচেন প্রজাতন্ত্রের রাজধানী গ্রোজনির একটি মসজিদে পবিত্র কোরআনের একটি কপিতে চুম্বন করেন। এ সময় চেচেন নেতা রমজান কাদিরভও তার সঙ্গে ছিলেন। কুরআনের এ কপিটি মূলত স্বর্ণ খচিত। এটি দেখার পর রাশিয়ার প্রেসিডেন্টে এতে চুম্বন করেন। এরপর রমজান কাদিরভ এবং সালাহ মেঝিয়েভ কুরআনকে জড়িয়ে ধরে ছবি তোলেন।
মুফতি সালাহ মেঝিয়েভ হলেন মুসলিম অধ্যুষিত চেচনিয়ার সর্বোচ্চ ধর্মীয় নেতা এবং চেচেন প্রজাতন্ত্রের মুসলমানদের আধ্যাত্মিক প্রশাসনের চেয়ারপার্সন। এদিকে রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন রাশিয়ান স্পেশাল ফোর্সেস ইউনিভার্সিটি প্রাঙ্গণে সেনাদের সঙ্গে কথা বলেছেন। পুতিন সেখানে বলেন, যত দিন পর্যন্ত আমাদের কাছে আপনাদের মতো মানুষ আছে, আমরা অবশ্যই, অবশ্যই অজেয়। তিনি আরো বলেন, এখানে নিরাপদ পরিবেশে বন্দুক চালনা করা আর যুদ্ধক্ষেত্রে নিজের স্বাস্থ্য ও জীবন বিপন্ন করা কখনোই এক কথা নয়। কিন্তু আপনাদের অন্তরে পিতৃভূমিকে রক্ষা করার একটা তাড়না আছে। আর আছে সে অনুযায়ী সিদ্ধান্ত নেয়ার সাহস। পুতিনের কোরআন চুম্বন ও হাতে ধরে ছবি তোলার ভিডিও ব্যাপকভাবে সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়েছে। কেউ কেউ পুতিনের প্রশংসা করেছেন। আবার অন্যরা দ্বিমত পোষণ করে বলছেন, ইসলামের পবিত্র গ্রন্থ স্পর্শ করার বৈধতা অমুসলিম পুতিনের নেই।

## গাজা যুদ্ধবিরতি নিয়ে বাইডেন-নেতানিয়াহুর ফোনালাপ



**আপনজন ডেস্ক:** গাজায় যুদ্ধবিরতি ও বন্দীমুক্তি চুক্তি চূড়ান্ত করতে ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর সঙ্গে ফোনে কথা বলেছেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। স্থানীয় সময় বুধবার (২১ আগস্ট) ইসরায়েলি প্রধানমন্ত্রীর সঙ্গে তার ফোনালাপ হয়। এ সময় ইসরায়েল ও হামাসের মধ্যে সমঝোতার জন্য আসন্ন কায়রো বৈঠকের ওপরও গুরুত্ব আরোপ করেছেন তিনি। হোয়াইট হাউস থেকে এসব তথ্য জানানো হয়েছে। ফোনালাপের বিষয়ে হোয়াইট হাউজের এক বিবৃতিতে বলা হয়, যুদ্ধবিরতি ও বন্দীমুক্তি চুক্তি চূড়ান্ত করতে জরুরী ভিত্তিতে ব্যবস্থা নেয়ার অনুরোধ করেছেন প্রেসিডেন্ট। এছাড়া কায়রোতে অনুষ্ঠিত হতে যাওয়া বৈঠকে হামাস ও ইসরায়েলের মধ্যে ব্যবধান কমানোর প্রচেষ্টা নিয়েও তাদের মধ্যে আলোচনা হয়েছে।
গাজায় যুদ্ধবিরতি চুক্তি চূড়ান্ত করার প্রচেষ্টায় রবিবার ইসরায়েল গিয়েছিলেন দেশটির পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিঙ্কেন। এই সফরে ইসরায়েল, কাতার ও মিসরে মধ্যস্থতাকারীদের সঙ্গে আলোচনা করেন তিনি। কিন্তু চুক্তির সম্ভাবনা অনিশ্চিত রেখেই মঙ্গলবার দেশে ফিরে যান। চুক্তির বিষয়ে কায়রোতে আবারও আলোচনায় বসতে যাচ্ছেন মধ্যস্থতাকারীরা।
বিবৃতিতে আরো বলা হয়েছে, ইরান, হামাস, হিজবুল্লাহ ও হুথিসহ সবার হুমকি থেকে ইসরায়েলকে নিরাপত্তা দেওয়ার নিশ্চয়তা দিয়েছেন বাইডেন।
তেহরানে ৩১ জুলাই হামাস নেতা ইসমাইল হানিয়েহ নিহত হওয়াকে কেন্দ্র করে ইসরায়েলের ওপর প্রতিশোধ নেওয়ার অঙ্গীকার করেছে ইরান। এ হত্যাকাণ্ডের বিষয়ে ইসরায়েল অবশ্য কোনো মন্তব্য করেনি। আলোচনায় আরো অংশগ্রহণ করেন দেশটির ভাইস প্রেসিডেন্ট ও আসন্ন প্রেসিডেন্ট নির্বাচনে ডেমোক্র্যাটের প্রার্থী কমলা হ্যারিস। গত ৭ অক্টোবর থেকে গাজায় ইসরায়েলি আগ্রাসনে এ পর্যন্ত অন্তত ৪০ হাজার ৭৪ জন ফিলিস্তিনি নিহত হয়েছেন। আহত কমপক্ষে ৯২ হাজার ৫৩৭ জন। হতাহতদের বেশির ভাগই নারী ও শিশু বলে জানিয়েছে গাজার হামাস নিয়ন্ত্রিত স্বাস্থ্য কর্তৃপক্ষ।



*প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে ভারতীয় হাইকমিশনার প্রণয় ভার্মার সৌজন্য সাক্ষাৎ*

## ২৩ বছর পর ইরানে পূর্ণ মন্ত্রিসভা অনুমোদন



**আপনজন ডেস্ক:** দীর্ঘ ২৩ বছর পর ইরানে পূর্ণ মন্ত্রিসভা অনুমোদন করেছে দেশটির পার্লামেন্ট। ইরানের নব নির্বাচিত সংস্কারপন্থী প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ানের নেতৃত্বে নতুন এই মন্ত্রিসভা গঠন করা হয়েছে।
বুধবার (২১ আগস্ট) প্রস্তাবিত মন্ত্রিসভাকে অনুমোদন দিয়েছে দেশটির পার্লামেন্ট। ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যম নিশ্চিত করেছে এ তথ্য। নতুন মন্ত্রিসভায় স্থান পেয়েছেন ১৯ জন মন্ত্রী। এর আগে, পার্লামেন্টে কয়েকদিন ধরে চলে বিতর্ক। প্রয়াত প্রেসিডেন্ট ইব্রাহিম রইসির কট্টরপন্থী মন্ত্রিসভার স্থলে এবার জায়গা পেয়েছেন সংস্কারপন্থীরা। ২৪৭ ভোট নিয়ে পররাষ্ট্রমন্ত্রী নির্বাচিত হয়েছেন আব্বাস আরাকচি। ২০১৫ সালে ছয় বিশ্বশক্তির সাথে পরমাণু চুক্তিতে গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল তার। প্রেসিডেন্ট হিসেবে শপথ নেয়ার ১২ দিন পর গত ১১ আগস্ট নতুন মন্ত্রিসভার নাম প্রস্তাব করেন ইরানের নবম প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান।
এর আগে চলতি বছর এক ভয়াবহ হেলিকপ্টার দুর্ঘটনায় প্রাণ হারান দেশটির অষ্টম প্রেসিডেন্ট ইব্রাহিম রাইসি ও পররাষ্ট্রমন্ত্রী হোসেইন আমির আবদুল্লাহিয়ান।

## অস্ট্রেলিয়া অভ্যন্তরীণভাবে ক্ষেপণাস্ত্র তৈরির পরিকল্পনা করেছে



**আপনজন ডেস্ক:** অস্ট্রেলিয়া বৃহস্পতিবার অভ্যন্তরীণভাবে ক্ষেপণাস্ত্র তৈরির জন্য ৫৭০ মিলিয়নের মার্কিন ডলারের একটি চুক্তি উন্মোচন করেছে। একটি আঞ্চলিক অস্ত্র প্রতিযোগিতার মধ্যে সামরিক সক্ষমতা বৃদ্ধির জন্য দেশটি ক্ষেপণাস্ত্র তৈরির কাজ শুরু করেছে।
প্রতিরক্ষা শিল্পমন্ত্রী প্যাট কনরয় সিডনির উত্তরে একটি প্ল্যান্টে নৌ ও বিমান চালিত যৌথ অভিযান (জেএসএম) ক্ষেপণাস্ত্র উন্নত করার একটি চুক্তি ঘোষণা করেছেন। কারখানাটি এই বছরের শেষের দিকে জাহাজ-বিরোধী ক্রুজ মিসাইল এবং জেএসএম তৈরি করবে যা অত্যাধুনিক এফ-৩৫-এ বিমানে লাগানো যেতে পারে। কনরয় বলেন, 'এটি আমাদের উন্নত, উচ্চ-প্রযুক্তি উৎপাদন শিল্পে বিনিয়োগ এবং আমাদের সার্বভৌম প্রতিরক্ষা শিল্প বিকাশের ঘাটি তৈরি করবে।
একজন প্রতিরক্ষা কর্মকর্তা সংবাদ সংস্থা এএফপি'কে জানান, কারখানাটি ২০২৭ সালে উৎপাদন শুরু করবে এবং বছরে ১০০টি ক্ষেপণাস্ত্র তৈরি করতে সক্ষম হবে। দু'টি ক্ষেপণাস্ত্রই তৈরি করেছে নরওয়ের কংসবার্গ।
চীনের ব্যাপক প্রতিরক্ষা ব্যয় এবং ইউক্রেনে রাশিয়ার আক্রমণ সম্পর্কে এবং মার্কিন যুক্তরাষ্ট্রের অনেক মিত্রকে অস্ত্র তৈরির ক্ষমতার ঘাটতি নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে।
এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় কয়েকটি দেশের মধ্যে অস্ট্রেলিয়া নাটকীয়ভাবে প্রতিরক্ষা ব্যয় বৃদ্ধি করছে।
লন্ডন-ভিত্তিক থিঙ্ক ট্যাঙ্ক ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট ফর স্ট্র্যাটেজিক স্টাডিজ অনুসারে, এশিয়ান প্রতিরক্ষা ব্যয় ২০২৩ সালে রেকর্ড ৫১০ বিলিয়ন মার্কিন ডলারে পেঁছেছে।
অস্ট্রেলিয়া পরমাণু শক্তি চালিত সাবমেরিনের একটি বহরের উন্নয়নসহ উচ্চাভিলাষী প্রতিরক্ষা প্রকল্পের একটি সিরিজ চালু করেছে।

**ছড়িয়ে-ছিটিয়ে**

## হিজবুল্লাহর হামলায় কাঁপলো ইসরায়েল



**আপনজন ডেস্ক:** ইসরায়েলের সামরিক ঘাঁটিতে সরাসরি হামলার দাবি করেছে লেবাননের সশস্ত্র গোষ্ঠী হিজবুল্লাহ। লেবাননভিত্তিক এই সশস্ত্র সংগঠন জানিয়েছে, তারা উত্তর ইসরায়েলের রামোট নাফতালি এলাকায় ইসরায়েলি সামরিক ব্যারাক এবং অধিকৃত গোলান মালভূমির জাউরাতে বেশ কিছু আর্টিলারি সাইটে কাতিউশা রকেট দিয়ে হামলা চালিয়েছে। হিজবুল্লাহর পক্ষ থেকে আরো বলা হয়েছে, বুধবার রাতে এসব অঞ্চলে হামলা চালানো হয়েছে। তবে হামলায় কী পরিমাণ ক্ষয়ক্ষতি বা হতাহতের ঘটনা ঘটেছে- সেই সম্পর্কে বিস্তারিত কিছু বলা হয়নি। এ ছাড়া এসব হামলা নিয়ে এখন পর্যন্ত কোনো মন্তব্য করেনি ইসরায়েল। কয়েকদিন আগেও ইসরায়েলের সামরিক ঘাঁটিতে হামলা চালিয়েছে হিজবুল্লাহ। তার আগে ইসরায়েলের উত্তরাঞ্চলে অবস্থিত বেইত হিলেলে অবস্থিত দেশটির একটি সামরিক ব্যারাকে রকেট হামলা চালানো হয়।
সে সময় হিজবুল্লাহ জানায়, লেবাননের ব্লিদা শহরে স্থানীয় সময় বুধবার (১৪ আগস্ট) সকালে ইসরায়েলি হামলায় একজন নিহত হওয়ার ঘটনায় প্রতিশোধ হিসেবেই ইসরায়েলের সামরিক ব্যারাকে রকেট হামলা চালানো হয়েছে।
প্রসঙ্গত, গত বছরের অক্টোবর থেকে গাজায় হামাস ও ইসরায়েলের মধ্যে যুদ্ধ চলছে। এই যুদ্ধে গাজায় নিহতের সংখ্যা ৪০ হাজার ছাড়িয়েছে। ফিলিস্তিনিদের প্রতি সমর্থন জানিয়ে সেইসময় হিজবুল্লাহ হুঁশিয়ারি দেয়, গাজায় হামলা বন্ধ না হলে ইসরায়েলের প্রতি পাল্টা হামলা চালিয়ে যাবে তারা। এরপর থেকে হিজবুল্লাহ ও ইসরায়েলের পাল্টাপাল্টি হামলা অব্যাহত আছে।


## কঙ্গোয় নৌকা ডুবে ২৪ জনের মৃত্যু



**আপনজন ডেস্ক:** মধ্য আফ্রিকার দেশ ডেমোক্র্যাটিক রিপাবলিক অব কঙ্গোর (ডিআরসি) মাই-এনদোম্বে প্রদেশের এক নদীতে অতিরিক্ত যাত্রীবোঝাই একটি নৌকা ডুবে অন্তত ২৪ জনের মৃত্যু হয়েছে। বুধবার (২১ আগস্ট) স্থানীয় এক কর্মকর্তা জানিয়েছে, বহু যাত্রী নিখোঁজ থাকায় মৃত্যুর সংখ্যা বাড়ার আশঙ্কা করা হচ্ছে।

### সেহেরী ও ইফতারের সময়

**সেহেরী শেষ:** ভোর ৩.৫২ মি.
**ইফতার:** সন্ধ্যা ৬.০৮ মি.



### নামাজের সময় সূচি

| ওয়াক্ত | শুরু | শেষ |
|---|---|---|
| ফজর | ৩.৫২ | ৫.১৬ |
| যোহর | ১১.৪৪ | |
| আসর | ৪.১২ | |
| মাগরিব | ৬.০৮ | |
| এশা | ৭.২১ | |
| তাহাজ্জুদ | ১১.০১ | |

## আফগানিস্তানে আকস্মিক বন্যায় প্রাণহানি ১০



**আপনজন ডেস্ক:** আফগানিস্তানে আকস্মিক বন্যায় সম্প্রতি ১০ জনের মৃত্যু হয়েছে। বুধবার (২১ আগস্ট) রাতে দেশটির জাতীয় দুর্যোগ কর্তৃপক্ষের এক কর্মকর্তা এ তথ্য জানিয়েছেন। কর্তৃপক্ষের মুখপাত্র মোল্লা জানান সায়েক বলেন, সম্প্রতি দেশের বিভিন্ন অংশে আকস্মিক বন্যায় ১০ জন প্রাণ হারিয়েছেন। এ ঘটনায় আরও অন্তত আটজন আহত হয়েছেন। সায়েক বলেন, প্রাকৃতিক দুর্যোগের ঘটনাগুলো শতাধিক বাড়িঘর সম্পূর্ণ বা আংশিক ধ্বংস করেছে এবং কৃষিজমির মারাত্মক ক্ষতি করেছে।

## পাকিস্তানে স্কুলভ্যানে বন্দুক হামলা, ২ শিশু নিহত



**আপনজন ডেস্ক:** পাকিস্তানের পাঞ্জাব প্রদেশে একটি স্কুল ভ্যানে বন্দুকধারীদের গুলিতে দুই শিশু নিহত হয়েছে। এ হামলায় আহত হয়েছে আরো পাঁচজন।
স্থানীয় পুলিশের বরাতে এক প্রতিবেদনে সংবাদমাধ্যম আল-জাজিরা জানিয়েছে, বৃহস্পতিবার (২২ আগস্ট) সকালে পূর্ব পাঞ্জাব প্রদেশের অ্যাটক জেলার একটি গ্রাম থেকে শিশুরা স্কুলভ্যানে করে বিদ্যালয়ে যাচ্ছিল। এ সময় বাসটিতে হামলা চালায় এক বন্দুকধারী।
পুলিশ বলছে, প্রথমে চালককে লক্ষ্য করে গুলি চালানো হয়, তিনিও এ ঘটনায় আহত হয়েছেন। সংবাদমাধ্যম জিও নিউজ জানিয়েছে, বন্দুক হামলায় নিহত শিশুদের মধ্যে একটি নয় বছর বয়সি ছেলে এবং একটি ১০ বছর বয়সি মেয়ে রয়েছে। আর আহত পাঁচজনের মধ্যে আট বছর বয়সি দুইজন, সাত বছর বয়সি একজন, ১২ বছর বয়সী একজন ও চার বছর বয়সী একটি শিশু রয়েছে। স্থানীয় পুলিশ কর্মকর্তা মোহাম্মদ শাকিল বার্তা সংস্থা এপি'কে বলেছেন, প্রাথমিক তদন্তে বাসচালকের সঙ্গে কারো শত্রুতা ছিল বলে জানা গেছে।
এছাড়া জার্মান বার্তা সংস্থা ডিপিএ'কে অপর এক পুলিশ কর্মকর্তা উসমান হায়দার বলেছেন, হামলার উদ্দেশ্য সম্পর্কে প্রাথমিক তদন্তে দুই পরিবারের মধ্যে দ্বন্দ্বের তথ্য পাওয়া গেছে। তবে, পুলিশ সন্ত্রাসবাদের সম্ভাবনা খতিয়ে দেখছে।

## বিশ্বের দ্বিতীয় বৃহত্তম হীরা আবিষ্কার বতসোয়ানায়



**আপনজন ডেস্ক:** আফ্রিকার অন্যতম ধনী দেশ বতসোয়ানায় একটি হীরা আবিষ্কার করা হয়েছে, যার ওজন দুই হাজার ৪৯২ ক্যারেট। এটি এখন পর্যন্ত পাওয়া দ্বিতীয় বৃহত্তম হীরা। কানাডীয় প্রতিষ্ঠান লুকারা ডায়মন্ডের মালিকানাধীন একটি খনি থেকে হীরাটি পাওয়া গেছে।
বিবিসি জানিয়েছে, ১৯০৫ সালে দক্ষিণ আফ্রিকায় পাওয়া তিন হাজার ১০৬ ক্যারেটের কুলিনান হীরার পর সবচেয়ে বড় আবিষ্কার এটি। কুলিনান হীরা কেটে ৯টি পৃথক পাথরে রূপান্তরিত করা হয়েছিল, যার অনেকটিই ব্রিটিশ ক্রাউন জুয়েলসে রয়েছে।
বতসোয়ানার রাজধানী গ্যাবোরোনের প্রায় ৫০০ কিলোমিটার উত্তরে কারোই খনিতে হীরাটি পাওয়া গেছে। দেশটির সরকার জানিয়েছে, এটি তাদের আবিষ্কৃত সবচেয়ে বড় হীরা। এর আগে তাদের সবচেয়ে বড় আবিষ্কার ছিল এক হাজার ৭৫৮ ক্যারেটের একটি পাথর, যা ২০১৯ সালে একই খনিতে পাওয়া যায়। বতসোয়ানা বিশ্বের বৃহত্তম হীরা উৎপাদনকারী দেশগুলোর একটি। বিশ্বের হীরা উৎপাদনের প্রায় ২০ শতাংশ এই দেশে হয়ে থাকে।
এদিকে লুকারা পাথরটির রত্নমান বা তার মূল্যের বিস্তারিত জানায়নি। লুকারার প্রধান উইলিয়াম ল্যাম্ব বলেছেন, লুকারার মেগা ডায়মন্ড রিকভারি এক্স রে প্রযুক্তি ব্যবহার করে শনাক্ত হয়েছে হীরাটি।



আপনজন

ইনসাফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর

১৯ বর্ষ, ২২৮ সংখ্যা, ৭ ভাদ্র ১৪৩১, ১৭ সফর, ১৪৪৬ হিজরি

# মধ্যপ্রাচ্যে শান্তি!

কাতারের রাজধানী দোহায় গতকাল বৃহস্পতিবার শান্তি আলোচনা শুরু হইয়াছে। ফিলিস্তিনের অবরুদ্ধ গাজায় প্রতীক্ষিত যুদ্ধবিরতি চুক্তি লইয়া আলোচনায় বসিতেছে মার্কিন, কাতারি ও মিশরীয় মধ্যস্থতাকারীরা। মধ্যপ্রাচ্যে যুদ্ধের উত্তেজনার পারদ যেইভাবে চড়িতেছে, তাহাতে এই শান্তি আলোচনার মাধ্যমে সাময়িক স্বস্তি আসিবে কি না, তাহা দুই-এক দিনের মধ্যে আমরা বুঝিতে পারিব। তবে এই আলোচনায় গাজা উপত্যকা নিয়ন্ত্রণকারী সংগঠন হামাস অংশ লইবে না বলিয়া জানা গিয়াছে। হামাসের দাবি ছিল, চলতি বৎসরের ৩১ মে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন যুদ্ধবিরতির যেই রোড ম্যাপ ঘোষণা করিয়াছিলেন তাহার ভিত্তিতে গাজায় যুদ্ধবিরতি কার্যকর করা হউক। নূতন করিয়া আর কোনো আলোচনার দরকার নাই। বাইডেন সেই রোড ম্যাপে তিনটি ধাপের কথা বলিয়াছিলেন। প্রথম ধাপে-ছয় সপ্তাহের মধ্যে ইসরাইলের সেনারা গাজার সমস্ত জনবহুল অঞ্চল হইতে সরিয়া যাইবে। ঐ সময়ের মধ্যেই হামাস ৭ অক্টোবরের হামলায় আটক করা আরো কিছু ইসরাইলি জিম্মিকে মুক্তি দিবে। পাশাপাশি ইসরাইলকেও কিছু ফিলিস্তিনি জেলবন্দিকে মুক্ত করিতে হইবে। দ্বিতীয় ধাপে-সমস্ত ইসরাইলি বন্দিকে মুক্তি দিতে হইবে। অন্যদিকে ইসরাইল গাজা হইতে সেনাবাহিনী সম্পূর্ণভাবে সরাইয়া লইবে। তৃতীয় ধাপে- গাজায় নূতন করিয়া ভাঙিয়া পড়া ঘরবাড়ির পুনর্গঠন শুরু হইবে। আর্ত মানুষের নিকট আরো অধিক ত্রাণ পৌঁছাইয়া দেওয়া হইবে।

বাইডেন ইতিপূর্বে বলিয়াছেন, তিনি ৩১ মে যেই পরিকল্পনাটির প্রস্তাব (রোড ম্যাপ) করিয়াছিলেন তাহা ইসরাইলের সহিত সমন্বয়ের মাধ্যমে তৈরি করা হইয়াছিল। ইহার মধ্যে রহিয়াছে ছয় সপ্তাহের যুদ্ধবিরতি, জিম্মি-বন্দি বিনিময় এবং গাজার পুনর্গঠন। যুক্তরাষ্ট্র নূতন এই আলোচনা যেই আশা জিইয়ে রাখিয়াছে, তাহা তাৎপর্যপূর্ণ। যুক্তরাষ্ট্র মনে করিতেছে, এই যুদ্ধবিরতি চুক্তি সম্ভব হইলে ইসরাইলে সরাসরি হামলা হইতে বিরত থাকিবে ইরান, ফলে এই অঞ্চলে একটি বৃহত্তর যুদ্ধ এড়ানো সম্ভব হইতে পারে। স্মরণ করা যাইতে পারে, গত ৩১ জুলাই ইরানের রাজধানী তেহরানে গুপ্ত হামলায় নিহত হন হামাসের রাজনৈতিক প্রধান ইসমাইল হানিয়া। একই দিনে লেবাননে হামলা চালাইয়া দেশটির সশস্ত্র গোষ্ঠী হিজবুল্লাহর শীর্ষ কমান্ডার ফুয়াদ শুকুরকে হত্যা করা হয়। হামাস ও ইরান এই হত্যাকাণ্ডের জন্য ইসরাইলকে দায়ী করিয়াছে। ফুয়াদ শুকুরকে হত্যার ঘোষণা দিয়াছিল ইসরাইল। যদিও তেহরানে ইসমাইল হানিয়াকে হত্যার কথা অস্বীকার করে ইসরাইল, তবে এই হত্যাকাণ্ডের ঘটনার ভিতর দিয়া মধ্যপ্রাচ্য বৃহত্তর যুদ্ধের টানেলে ঢুকিয়া পড়িয়াছে বলিয়া আশঙ্কা করা হইতেছে। হানিয়াকে হত্যার জন্য ইসরাইলকে কঠোর জবাব দেওয়ার প্রতিজ্ঞা করিয়াছে ইরান। অন্যদিকে কমান্ডার ফুয়াদ শুকুরকে হত্যার প্রতিশোধের ঘোষণা দিয়াছে হিজবুল্লাহ। ফলে যে কোনো সময় ইসরাইলের উপর ব্যাপক আকারে হামলা শুরু হইতে পারে বলিয়া ধারণা করা হইতেছে। ইতিমধ্যে মধ্যপ্রাচ্যে উত্তেজনা কমাইয়া আনিতে ইরানকে বুঝাইবার জন্য মিত্রদের নিকট সহায়তা চাহিয়াছে ওয়াশিংটন। এইদিকে ইসরাইলে যাহাতে ইরান হামলা না করে, তাহার জন্য গত সোমবার যুক্তরাষ্ট্র, ফ্রান্স, জার্মানি, ইতালি ও যুক্তরাজ্য এক বিবৃতিতে তেহরানকে সতর্ক করিয়াছে। তাহারা বলিতেছে, এই ধরনের হামলা হইলে আঞ্চলিক নিরাপত্তার গুরুতর সংকট দেখা দিতে পারে। জার্মানি ও যুক্তরাজ্য ইরানের প্রেসিডেন্ট পেজেশকিয়ানকে এই পরিস্থিতিতে উত্তেজনা প্রশমন করিতে বলিয়াছে। তবে পেজেশকিয়ান বলিয়াছেন, ঐ আক্রমণের জবাব দেওয়ার অধিকার তাহার দেশের রহিয়াছে।

আমরা ইতিপূর্বে দেখিয়াছি, যুক্তরাষ্ট্রের পক্ষ হইতে ইসরাইলকে বারংবার যুদ্ধবিরতির তাগিদ দেওয়া হইলেও দেশটির প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু ফিলিস্তিন ভূখণ্ডে নিয়মিত হামলা চালাইয়াই যাইতেছেন। নিহত হইতেছেন অগণিত ফিলিস্তিনি নিরীহ মানুষ। ইহার মধ্যে হামাস- প্রধান ইসমাইল হানিয়াকে হত্যা আগুনে ঘি ঢালিয়াছে। আমরা মনে করি, আলোচনা ব্যতীত জগতে কখনো কোথাও কোনো সমাধান আসে নাই। মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন ইতিপূর্বে যেই রোড ম্যাপ দিয়াছেন তাহার আলোকে নূতন এই আলোচনায় সাময়িক শান্তি ও স্বস্তি ফিরিয়া আসুক। আর উত্তেজনা প্রশমনের পর সকল পক্ষ মিলিয়া বাস্তবোচিত স্থায়ী শান্তির ব্যবস্থা করা হউক।

● ● ● ● ● ● ● ● ● ● ● ●

# সংসদে কেন্দ্রের প্রস্তাবিত ওয়াকফ সংশোধনী বিল নিয়ে কেন বিতর্ক?

ওয়াকফ বোর্ড পরিচালনাকারী আইনের প্রস্তাবিত সংশোধনী বিল নিয়ে ভারতে বিতর্ক অব্যাহত রয়েছে। একদিকে বিরোধীদের অভিযোগ, এই বিলের মাধ্যমে ধর্মীয় স্বাধীনতায় হস্তক্ষেপ করতে চায় কেন্দ্র সরকার। অন্যদিকে, সরকার বলছে, প্রস্তাবিত সংশোধনী বিলের লক্ষ্য হলো ওয়াকফ সম্পত্তির সঠিক ব্যবহার এবং মুসলিম নারী ও বঞ্চিতদের কল্যাণ। **বিবিসি-এর বিশ্লেষণ..**



ওয়াকফ বোর্ড পরিচালনাকারী আইনের প্রস্তাবিত সংশোধনী বিল নিয়ে ভারতে বিতর্ক অব্যাহত রয়েছে। একদিকে বিরোধীদের অভিযোগ, এই বিলের মাধ্যমে ধর্মীয় স্বাধীনতায় হস্তক্ষেপ করতে চায় কেন্দ্র সরকার। অন্যদিকে, সরকার বলছে, প্রস্তাবিত সংশোধনী বিলের লক্ষ্য হলো ওয়াকফ সম্পত্তির সঠিক ব্যবহার এবং মুসলিম নারী ও বঞ্চিতদের কল্যাণ।

একাধিক মুসলিম সংগঠন এই বিলের তীব্র বিরোধীরা করেছে, প্রস্তাবিত সংশোধনী বিলের যে সমস্ত বিষয় নিয়ে তাদের আপত্তি রয়েছে সে সম্পর্কে তারা সরব হয়েছে। এরই মধ্যে ২২ আগস্ট যৌথ সংসদীয় কমিটিতে এই নিয়ে আলোচনা হওয়ার কথা।

এই আবহে মুসলিম সংগঠনগুলোর পক্ষ থেকে এনডিএ সরকারের জোট শরিক জনতা দল (ইউনাইটেড) এবং তেলুগু দেশম পার্টির (টিডিপি) মতো এনডিএ শরিকদের পাশাপাশি বিরোধী দলগুলোর সমর্থনের দিকে তাকিয়ে। অল ইন্ডিয়া মুসলিম পার্সোনাল ল বোর্ডের (এআইএমপিএলবি) সদস্য আনিসুর রেহমান এবং আবু তালিব রহমানি বিহারের মুখ্যমন্ত্রী এবং জেডি (ইউ) প্রধান নীতীশ কুমারের সঙ্গে দেখা করে এ নিয়ে আলোচনা করেছেন। বিরোধীদের কড়া সমালোচনার মুখে আটই আগস্ট ভারতের লোকসভায় পেশ করা হয় ওয়াকফ বোর্ড পরিচালনাকারী আইনের প্রস্তাবিত সংশোধনী বিল। কেন্দ্রীয় সংখ্যালঘু মন্ত্রী কিরেণ রিজিজু এই প্রস্তাবিত বিল পেশ করলে তীব্র বিরোধিতার মুখে পড়তে হয় কেন্দ্র সরকারকে।

প্রসঙ্গত, ওয়াকফ সম্পত্তি হল এমন স্থাবর বা অস্থাবর সম্পত্তি যা আল্লাহর নামে করে দেওয়া হয়েছে। সেই সম্পত্তি সেবার কাজে ব্যবহার করা হয় কিন্তু হস্তান্তর করা যায় না। ওয়াকফ বোর্ড সারা ভারতে ৯.৪ লক্ষ একর জুড়ে ৮.৭ লক্ষ সম্পত্তি নিয়ন্ত্রণ করে, যার আনুমানিক মূল্য ১.২ লক্ষ কোটি টাকা। ওয়াকফ বোর্ডই ওয়াকফের সম্পত্তি সংক্রান্ত সমস্ত সিদ্ধান্ত নিয়ে থাকে। এই বোর্ডের বিরুদ্ধে বিভিন্ন সময়ে বেআইনি ভাবে জমি দখল এবং ক্ষমতার 'অপপ্রয়োগের' অভিযোগ উঠেছে। যেমন সুরাটের মিউনিসিপ্যাল কর্পোরেশনের সদর দফতরকে ওয়াকফ সম্পত্তি ঘোষণা করা হয়েছিল। শুধু তাই নয়, তামিলনাড়ুর রুচিরাপল্লির এক ব্যক্তি তার সম্পত্তি বিক্রি করতে গিয়ে জানতে পারেন তার পুরো গ্রামটাই ওয়াকফ সম্পত্তি। এমন বহু উদাহরণ রয়েছে এই তালিকায়। দীর্ঘদিন ধরেই ওয়াকফ নিয়ে বিতর্ক রয়েছে। লোকসভায় পেশ করা হলে এ নিয়ে বিস্তর তর্ক-বিতর্ক হয়। বিরোধীদের দাবি এই সংশোধনী বিলের উদ্দেশ্য 'ধর্মীয় মেরুকরণ'। এই অভিযোগ কেন্দ্র সরকার অস্বীকার করেছে। শেষপর্যন্ত ঐকমত্যের জন্য এই প্রস্তাবিত বিলকে যৌথ সংসদীয় কমিটির কাছে পাঠানোর সিদ্ধান্ত নেওয়া হয়। বিজেপি এবং বিরোধীদের চাপানউতোরের পাশাপাশি ওয়াকফ বিলের প্রস্তাবিত সংশোধন নিয়ে বিশেষজ্ঞরাও মিশ্র মত পোষণ করেন রাজনৈতিক বিশ্লেষক কুরবান আলী এই সংশোধনীকে "গুরুত্বপূর্ণ জমিগুলোকে সরকারের তরফে দখল করার" চেষ্টা হিসাবে মনে করেন। অন্যদিকে, আইনজীবী অশ্বিনী উপাধ্যায়ের মতে একই দেশে সম্পত্তি নিয়ে ভিন্ন ভিন্ন আইন থাকতে পারে না।

**ওয়াকফ কী?**

ওয়াকফ হল এমন কোনও স্থাবর বা অস্থাবর সম্পত্তি যা কোনও ব্যক্তি যিনি ইসলামে বিশ্বাস করেন, তিনি আল্লাহর নামে বা ধর্মীয় উদ্দেশ্যে বা দাতব্য কাজের জন্য দিয়েছেন। যিনি সম্পত্তি দেন করেন তাকে বলা হয় ওয়াকিফ। এই সম্পত্তি সামাজিক কল্যাণের জন্য ব্যবহার করার কথা এবং নিয়ম মাফিক আল্লাহ ছাড়া কেউ এর মালিক নন এবং হতেও পারে না। এই সম্পত্তি হস্তান্তর বা বিক্রি করা যায় না। ওয়াকফ সম্পত্তি ক্রয়-বিক্রয় করা যাবে না এবং কারও কাছে হস্তান্তরও করা যায় না। ওয়াকফ বোর্ড আইন ১৯৯৫ এর অধীনে, ওই বোর্ড ওয়াকফ দলিলের মাধ্যমে, সমীক্ষা করে বা ক্রমাগত ব্যবহার করা হয়েছে কিনা এই তথ্য যাচাইয়ের মাধ্যমে কোনও সম্পত্তি ওয়াকফের অন্তর্ভুক্ত করতে পারে। ঈদগাহ, কবরস্থান, মসজিদ, খামার, দালানকোঠা, বাগান বা যে কোনো ধরনের সম্পত্তি ওয়াকফের আওতায় নেওয়া যেতে পারে। আইন অনুসারে, যদি কারও সম্পত্তি ওয়াকফ হিসাবে নথিভুক্ত করা নিয়ে আপত্তি থাকলে সম্পত্তি ওয়াকফে অন্তর্ভুক্তির এক বছরের মধ্যে ওয়াকফ ট্রাইব্যুনালে আবেদন করে জানাতে হবে। সেই ট্রাইব্যুনাল সিদ্ধান্ত নেবে যে ওই সম্পত্তি ওয়াকফ কি না। ওয়াকফ সম্পত্তি পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য ওয়াকফ বোর্ড এবং কেন্দ্রীয় ওয়াকফ কাউন্সিল রয়েছে। এ ছাড়া রাজ্য স্তরে ওয়াকফ সম্পত্তি পরিচালনার জন্য ওয়াকফ বোর্ড রয়েছে। এই ক্ষমতার অপব্যবহার হচ্ছে বলে একাধিক অভিযোগ উঠেছে।

**কেন এ নিয়ে বিতর্ক?**

প্রতিরক্ষা মন্ত্রক এবং ভারতীয় রেলের পরে, যদি কেউ সবচেয়ে বেশি সম্পত্তির মালিক হয়ে থাকে, তবে তা হল ওয়াকফ। দেশের সবচেয়ে বেশি জমির মালিকানা এই তিনের হাতে রয়েছে। কিন্তু ওয়াকফের আওতায় থাকা সম্পত্তি নিয়ে বিভিন্ন ক্ষেত্রে বিতর্ক দেখা দিয়েছে। বিভিন্ন সময় ওয়াকফের আওতায় অন্তর্ভুক্ত সম্পত্তি নিয়ে আদালতের দ্বারস্থও হয়েছেন অনেকে। প্রশ্ন উঠেছে ওয়াকফ বোর্ডের তরফে যেভাবে সম্পত্তি বিষয়ক সিদ্ধান্ত নেওয়া হয়েছে সেই পদ্ধতি নিয়েও। এর পাশাপাশি গত দু'বছরে দেশের বিভিন্ন হাইকোর্টে ওয়াকফ সংক্রান্ত প্রায় ১২০টা পিটিশন জমা পড়েছে, যার পরে এই আইনে সংশোধনের প্রস্তাব দেওয়া হয়েছে। পিটিশনে ওয়াকফ আইনের বৈধতাকে চ্যালেঞ্জ জানিয়ে বলা হয়েছিল, জৈন, শিখ ও অন্যান্য সংখ্যালঘু সম্প্রদায় সহ অন্যান্য ধর্মের ক্ষেত্রে এই আইন প্রযোজ্য নয়।

**কী কী সংশোধনের প্রস্তাব এসেছে?**

কে রেহমান খানের নেতৃত্বাধীন কমিটির সুপারিশের ভিত্তিতে ২০১৩ সালে সংশোধন করা হয়েছিল ওয়াকফ আইন ১৯৯৫-এ। এরপর যৌথ সংসদীয় কমিটি (জেপিসি) এবং পরে রাজ্যসভার সিলেক্ট কমিটি এই নিয়ে আলোচনা করে। সেখানে ওয়াকফ বোর্ডকে যে ব্যাপক ক্ষমতা দেওয়া হয়েছিল তা খর্ব করা হয়েছে এই নতুন প্রস্তাবিত বিলে। ওয়াকফ আইনের নাম পরিবর্তন করে রাখা হয়েছে 'ইন্টিগ্রেটেড ওয়াকফ ম্যানেজমেন্ট, এমপাওয়ারমেন্ট, ইফিসিয়েন্সি অ্যান্ড ডেভেলপমেন্ট অ্যাক্ট'। সংশোধনী বিল অনুযায়ী, যে কোনও ব্যক্তি যিনি কমপক্ষে পাঁচ বছর ইসলাম অনুশীলন করেছেন এবং যার আলোচ্য জমির মালিকানা রয়েছে তিনি ওয়াকফে দান করতে পারেন। কোনও সম্পত্তি ওয়াকফের আওতায় পড়বে সেটা নির্ধারণ করার যে অধিকার ওয়াকফ বোর্ডের হাতে যে ক্ষমতা দেওয়া হয়েছিল তা ফিরিয়ে নেওয়া হয়েছে। ওয়াকফ জমি জরিপের দায়িত্ব জেলা শাসক বা ডেপুটি কমিশনারকে দেওয়া হয়েছে। কেন্দ্রীয় পোর্টাল এবং ডাটাবেসের মাধ্যমে ওয়াকফের সম্পত্তি নথিভুক্ত করা হবে। এই পোর্টালের মাধ্যমে মুতাওয়াল্লি অর্থাৎ ওয়াকফ সম্পত্তির দেখাশোনা যিনি করছেন তার সমস্ত তথ্য দিতে হবে। ওয়াকফ বোর্ডের হাত থেকে ক্ষমতা ফিরিয়ে নেওয়ার পাশাপাশি নতুন প্রস্তাব অনুযায়ী, বর্তমান তিন সদস্যের ওয়াকফ ট্রাইব্যুনালও তিন সদস্যের বদলে দুই সদস্যের মধ্যে সীমাবদ্ধ করা হয়েছে। তবে এই ট্রাইব্যুনালের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে না। ৯০ দিনের মধ্যে ট্রাইব্যুনালের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ জানিয়ে হাইকোর্টের দ্বারস্থ হওয়া যাবে। রাজ্য স্তরে সেন্ট্রাল ওয়াকফ কাউন্সিল এবং ওয়াকফ বোর্ডে দুজন অমুসলিম প্রতিনিধি রাখার বিধান দেওয়া হয়েছে। নতুন সংশোধনীতে বোহরা ও আঘাখানি সম্প্রদায়ের জন্য একটা আলাদা ওয়াকফ বোর্ড প্রতিষ্ঠার সংস্থান রয়েছে।

**বিদ্যমান আইন নিয়ে কী অভিযোগ?**

ওয়াকফ বোর্ডের বিরুদ্ধে সাম্প্রতিক সময়ে যারা পিটিশন দায়ের করা হয়েছে তার মধ্যে অন্যতম হলেন রাজস্থানের বুন্দির বাসিন্দা শাহজাদ মহম্মদ শাহ। বিজেপির মুসলিম রাষ্ট্রীয় মঞ্চের এই সদস্যের অভিযোগ ওয়াকফ বোর্ড ফকির সম্প্রদায়ের ৯০ বিঘা জমি বেআইনি ভাবে দখল করেছে। তিনি সংবাদমাধ্যমকে জানিয়েছেন, রাজস্থানের কোটা ও বারান জেলায় বসবাসকারী আরও কয়েকজন সদস্য আদালতে একই ধরনের পিটিশন দাখিল করেছিলেন।

**যুক্তি-পাল্টা যুক্তি**

যুক্তি এবং পাল্টা যুক্তি দিয়ে ক্ষমতাসীন সরকার এবং বিরোধী এই বিল নিয়ে দুই পক্ষই নিজেদের মতামত প্রকাশ করেছে।

বিরোধীরা অভিযোগ তুলেছেন, এই নতুন বিল অসংবিধানিক।

কেন্দ্রীয় সংখ্যালঘুমন্ত্রী ইন্ডিয়া মজলিস-ই-ইত্তেহাদুল মুসলিমিন (এমআইএম)-এর প্রধান আসাদউদ্দিন ওয়েইসি। তিনি বলেছেন, "সাংবিধানিক কাঠামোকে লঙ্ঘন করে এই বিল। এটা বিশেষভাবে বিচার বিভাগের স্বাধীনতা এবং ক্ষমতা পৃথকীকরণকে লঙ্ঘন করে।"

"সংশোধিত বিল অনুযায়ী, একমাত্র মুসলিম সম্প্রদায়ের মানুষ এবং যারা পাঁচ বছর ধরে এই ধর্ম অনুশীলন করে এসেছেন, তারাই দান করতে পারবেন। কেন তাকে পাঁচ বছর অপেক্ষা করতে হবে? এটা ধর্মে হস্তক্ষেপ নয়?"

সমাজবাদী পার্টির অখিলেশ ইয়াদব প্রশ্ন তুলেছেন, "অন্যান্য ধর্মের নিয়ন্ত্রক বোর্ডে যখন ভিন্ন ধর্মাবলম্বীরা স্থান পান না, তাহলে ওয়াকফ বোর্ডে অমুসলিমরা কেন?" মি. ওয়েইসি বিজেপির বিরুদ্ধে সরাসরি অভিযোগ এনে বলেছেন, "আসলে আপনারা আরএসএসের দাবি জানানো মসজিদগুলোকে, ডানপন্থী হিন্দু সংগঠনের দাবি জানানো দরগাহ কেড়ে নিতে চান। ওয়াকফকে সরিয়ে দিয়ে আপনারা ব্যবহারকারীকে নথি (সম্পত্তির সংশ্লিষ্ট) পেশ করতে বলছেন। ৪০০ বছরের পুরানো নথি যদি না থাকে তাহলে কথা থেকে আনবে তারা?" পাশাপাশি আরএসপি সাংসদ এনকে প্রেমচন্দ্রনের মতে সামনে মহারাষ্ট্র এবং ঝাড়খণ্ডে নির্বাচন। তার আগে, হিন্দু ভাবাবেগকে উস্কে দিতে এই পদক্ষেপ। তীব্র বিরোধিতার মুখে ওয়াকফ বোর্ডের বিরুদ্ধে অবৈধভাবে দখলের অভিযোগের প্রসঙ্গে একাধিক উদাহরণ তুলে ধরেন মি. রিজিজু। তার কথায়, "তিরুচিরাপল্লি জেলা তামিলনাড়ুর অন্তর্গত। দেড় হাজার বছরের পুরনো সুন্দরেশ্বর মন্দির সেখানেই অবস্থিত। সেখানে এক ব্যক্তি তার সম্পত্তি বিক্রি করতে যান এবং তাকে বলা হয় যে তার গ্রামটি ওয়াকফ সম্পত্তি।"

"কল্পনা করুন, গোটা গ্রামকে ওয়াকফ সম্পত্তি বলে ঘোষণা করা হয়েছে। এখানে ধর্ম দেখবেন না।"

এর পাশাপাশি টেনে এনেছেন সুরাট মিউনিসিপ্যাল কর্পোরেশনের প্রসঙ্গও। তিনি বলেছেন, "সুরাট মিউনিসিপ্যাল কর্পোরেশনের সদর দফতরকে ওয়াকফ সম্পত্তি ঘোষণা করা হয়েছে। আপনারা কল্পনা করতে পারেন? এটা কী করে সম্ভব?" সংশোধিত বিল প্রস্তাবের সঙ্গে ধর্মের কোনও যোগ নেই বলে দাবি করেন তিনি। তার কথায়, "আমি বৌদ্ধ ধর্মাবলম্বী। হিন্দু বা মুসলিম নই, কিন্তু আমি সব ধর্মকে সম্মান করি। এটাকে ধর্মীয় সমস্যা হিসেবে দেখবেন না। পুরসভা কি ব্যক্তিগত সম্পত্তি? পুরসভার সম্পত্তিকে কী ভাবে ওয়াকফ সম্পত্তি ঘোষণা করা যায়?" তার এই সমস্ত যুক্তি অবশ্য লোকসভায় বিরোধীদের শান্ত করতে পারেনি।

**বিশেষজ্ঞরা কী বলছেন?**

রাজনৈতিক বিশেষজ্ঞ কুরবান আলী বলেছেন, "এটা শুধুমাত্র হিন্দু ভোটব্যাঙ্ককে খুশি করতে নেওয়া একটা পদক্ষেপ। বিদ্যমান ওয়াকফ আইনে কিছু ত্রুটি রয়েছে এবং ওয়াকফ বোর্ডের সাথে যুক্ত অনেক ইউনিটে দুর্নীতির সম্ভাবনা উড়িয়ে দেওয়া যায় না। সেটাও ঠিকমতো ব্যবস্থাপনা করা হচ্ছে না।"

অল ইন্ডিয়া মুসলিম পার্সোনাল ল বোর্ডের সদস্য, খালিদ রশিদ ফারাঙ্গি মাহলি বার্তা সংস্থা এএনআইকে বলেছেন, "আইন বিশেষজ্ঞরা ইতিমধ্যে জানিয়েছেন যে সংশোধনী আনার ফলে ওয়াকফ সম্পত্তির ক্ষতি হবে... বেশ কিছু সময় যাবৎ ওয়াকফ সম্পর্কে ভুল দৃষ্টিভঙ্গি তৈরি করা হয়েছে। বিদ্যমান অ্যাক্ট-এ ওয়াকফের অধীনে কোনও সম্পত্তিকে নথিভুক্ত করার আইনি বিধান আছে।" আইনজীবী অশ্বিনী উপাধ্যায় মনে করেন এই সংশোধন প্রয়োজন। তার মতে, "ধর্মের কারণে কোনও ট্রাইব্যুনাল হতে পারে না। ভারতে একইসঙ্গে দুই ধরণের আইন থাকে পারে না। একটাই দেশে সম্পত্তির জন্য একটাই আইন থাকবে। আদালতে ১২০ টা পিটিশনের মধ্যে আনুমানিক ১৫টা মুসলিমদের দায়ের করা।"

*সৌ: বিবিসি(বাংলা)*

# যুদ্ধ নিয়ে পুতিনের ভাষ্য ভেঙে পড়ছে

**ওরিসিয়া লুটচেভিয়া**

রাশিয়ার কুরস্ক অঞ্চলে ইউক্রেনের বহিরাক্রমণের ভিডিও ফুটেজ যখন সামাজিক যোগাযোগমাধ্যমে আসতে শুরু করল, তখন একটা কৌতুক চারদিকে ছড়িয়ে পড়ল—স্তালিনের ভূতের কাছে ভ্লাদিমির পুতিন জিজ্ঞাসা করছেন, কুরস্কের দিকে ধেয়ে চলা জার্মান ট্যাংকের ব্যাপারে এখন করণীয় কী।

স্তালিনের ভূত উত্তর দিলেন, সমাধানটা খুব সহজ। যুদ্ধক্ষেত্রে সেরা ইউক্রেনীয় ডিভিশনকে পাঠিয়ে দাও, যেমনটা আমি ১৯৪৩-এ করেছিলাম। আর আমেরিকানদের কাছে ট্যাংক ও অর্থ চাও। কিন্তু পুতিনের হাতে এই দুই বিকল্পের কোনোটাই নেই। এখন তাঁকে নিজের মাটিতে ইউক্রেনীয় সেনাদের মোকাবিলা করতে হচ্ছে এবং যুক্তরাষ্ট্র তাঁর এক নম্বর শত্রু। ইউক্রেনীয় সেনাবাহিনী গত ১০ দিনের বেশি সময় ধরে রুশ ভূখণ্ডে অগ্রযাত্রা অব্যাহত রেখেছে। তারা এরই মধ্যে এক হাজার বর্গকিলোমিটার এলাকা ও ৮০টি বসতির নিয়ন্ত্রণ নিয়েছে। ভূখণ্ডটি শাসনের জন্য একটি সামরিক প্রশাসন চালু করেছে। রাশিয়া এ পর্যন্ত যে পরিমাণ ভূখণ্ডের নিয়ন্ত্রণ নিয়েছে, সেই তুলনায় ইউক্রেন যতটুকু নিয়ন্ত্রণ নিল, সেটা অবশ্যই ছোট। এই সফলতা যুদ্ধের জয়–পরাজয়ের ফয়সালাও করবে না।

কিন্তু এই ঘটনা এই যুদ্ধ কীভাবে হচ্ছে এবং কীভাবে তার শেষ হবে—তা নিয়ে প্রভাববিস্তারী ভাষ্যগুলো মৌলিকভাবে বদলে দেবে। ইউক্রেনের কুরস্ক আক্রমণ ক্রেমলিনের কৌশলনীতির একেবারে গোড়ায় গিয়ে আঘাত করেছে। ইনস্টিটিউট ফর দ্য স্টাডি অব দ্য ওয়ারের সূত্রমতে, পশ্চিমারা ভাবতে শুরু করেছিল, 'এই উপসংহারে আসার খোলাখুলি কারণ আছে যে ইউক্রেনে রাশিয়ার আধিপত্য করার বিষয়টি অবধারিত এবং আমাদের অবশ্যই পার্শ্বরেখায় অবস্থান করতে হবে।'

যুদ্ধ শুরুর পর থেকে ক্রেমলিন খুব সফলভাবেই এই বয়ান চালু করতে পেরেছিল। ফলে পশ্চিম ইউক্রেনকে অস্ত্র দেওয়ার ব্যাপারে খুব সতর্ক ছিল। পশ্চিমা অস্ত্র ব্যবহারের ক্ষেত্রে তারা কিয়েভকে বিধিনিষেধ দেয়। এভাবে এক হাত বেঁধে রেখে ইউক্রেনকে যুদ্ধ করতে বাধ্য করেছিল। এরই মধ্যে পুতিন সৈন্য সমাবেশ ও অস্ত্রশস্ত্র জড়ো



করেছেন। পূর্বাঞ্চলের যুদ্ধক্ষেত্রে নরকের বৃষ্টির মতো গোলাবর্ষণ করছে। বিমানঘাঁটিগুলো ব্যবহার করে বোমা বর্ষণ করতে হচ্ছে। তারা কখনো কল্পনাও করতে পারেনি, ইউক্রেনীয় বাহিনী এভাবে আক্রমণ শুরু করতে পারে। কুরস্কে আক্রমণ তাই যুদ্ধের ভাষ্যকে কিয়েভের পক্ষে ঘুরিয়ে দিয়েছে। এই আক্রমণ দেখিয়ে দিল যুদ্ধ অচলাবস্থায় পড়েনি। সাম্প্রতিক মাসগুলোতে, ইউক্রেনীয় বাহিনী উল্লেখ করার মতো কয়েকটি গতিশীল অভিযান পরিচালনা করেছে। এর মধ্যে উল্লেখযোগ্য বিজয়টি হচ্ছে কৃষ্ণসাগরে বাণিজ্যিক জাহাজ চলাচলের পথে বিজয়। তারা সেখানে রাশিয়ার নৌবহরের ৩০ শতাংশকে ধ্বংস করে দিতে সক্ষম হয়। অবশিষ্ট জাহাজগুলোকে রাশিয়া আজভ সাগরে তাদের ঘাঁটিতে নিয়ে রাখতে বাধ্য হয়। ইউক্রেন এত সূক্ষ্ম ড্রোন হামলা চালায় যে সেটা রাশিয়ার অত্যাধুনিক আকাশ প্রতিরক্ষাব্যবস্থাকে ধ্বংস করে ক্রিমীয় উপদ্বীপের বিমানঘাঁটির লক্ষ্যবস্তুতে আঘাত করতে সক্ষম হয়। এটাও ইউক্রেনীয়দের বড় একটা সফলতা। কুরস্কে ইউক্রেনের আক্রমণ এই ভাষ্যকেও ভেঙে দিল যে যুদ্ধ কেবল ইউক্রেনের মাটিতেই হবে এবং শুধু ইউক্রেন নিজের সীমানার মধ্যে রাশিয়ার অবস্থান লক্ষ্য করে আক্রমণ করে যা দু-একটা জয় পেতে পারে। ইউক্রেনকে পশ্চিমারা যে দূরপাল্লার ক্ষেপণাস্ত্র দিয়েছে, সেটা দিয়ে রাশিয়ার ভেতরে হামলা চালানোর ব্যাপারে অনাগ্রহ রয়েছে যুক্তরাষ্ট্র ও জার্মানির। এতে পশ্চিমের সঙ্গে রাশিয়ার উত্তেজনা বেড়ে যাবে, সেই ভয় রয়েছে তাদের। এ বাস্তবতায় রাশিয়ার ভেতরে হামলার জন্য নিজস্ব ড্রোনের ওপর নির্ভর করতে হচ্ছে ইউক্রেনকে। এই সুযোগে রাশিয়া ইউক্রেনে নতুন নতুন আক্রমণ চালানোর সুযোগ পেয়েছিল। ইউক্রেনের প্রতিরক্ষাব্যবস্থার ওপর চাপ তৈরি করে দ্রুতগতিতে দনবাস অঞ্চলের নিয়ন্ত্রণ নেওয়ার আশা করেছিল রাশিয়া। যুক্তরাষ্ট্র সরকারের সূত্র বলছে, কুরস্ক অঞ্চলে পাল্টা হামলা চালানোর জন্য দনবাস থেকে কিছু সেনা সরিয়ে নিয়ে যাচ্ছে রাশিয়া। এই আক্রমণ রাশিয়ার ভূখণ্ডে পশ্চিমা অস্ত্র ব্যবহারের যে ট্যাবু ছিল, সেটাও ভেঙে গেছে। যুক্তরাষ্ট্র এরই মধ্যে পাঠানো এফ-১৬ যুদ্ধবিমানের সঙ্গে দূরপাল্লার ক্ষেপণাস্ত্র পাঠানোর কথা বিবেচনা করছে। এটা নিশ্চিত করেই ইউক্রেনের ভূখণ্ড বিজয়ের রাশিয়ার প্রচেষ্টাকে জোরালোভাবে বাধা দেবে। এই অধ্যায় পুতিনের জন্য অপমানের কারণ। কিন্তু ইউক্রেনের জন্য আশার বীজ বুনে দিল।

*দ্য গার্ডিয়ান থেকে নেওয়া, ইংরেজি থেকে সংক্ষিপ্তাকারে অনুবাদ*

## আপন কণ্ঠ

# বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের ঔষধ দেওয়া কতটা নিরাপদ



বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকারা ছাত্র-ছাত্রীদেরকে নানান ঔষধ প্রদান করেন।যেমন-আয়রন এর ঔষধ,ক্রিমির ঔষধ সহ অন্যান্য।যদিও বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান সচেতনতার একটি অন্যতম মাধ্যম।তবে বিদ্যালয় থেকে মেডিসিন দেওয়ার বিষয়টিকে আমি খুব একটা সমর্থন করি না।কারণ সমস্ত মেডিসিন সবার ক্ষেত্রে সমান প্রযোজ্য নয়।অনেকের নানান স্বাস্থ্য সমস্যা রয়েছে যেখানে অনেক কিছুই বারণ।যেকোনো মেডিসিন হোক না কেনো তা সঠিকভাবে ও সঠিক পরামর্শ নিয়ে প্রদান করা উচিত।তার জন্য আমার মনে হয় সরকারিভাবে উচিত ছিল এলাকার উপস্বাস্থ্য কেন্দ্র গুলোর উপর দায়িত্ব দেওয়া। উপস্বাস্থ্য কেন্দ্র থেকে দু/একজন স্বাস্থ্য প্রশিক্ষণ প্রাপ্ত স্টাফ সপ্তাহে একদিন এসে স্কুল ভিজিট করে এবং সঠিক পদ্ধতিতে ছাত্র-ছাত্রীদের থেকে সমস্ত তথ্য নিয়েই তাদেরকে মেডিসিন দেওয়া।কারণ উনারা প্রশিক্ষিত কিন্তু শিক্ষক/শিক্ষিকাদের মধ্যে পুষ্টি ও স্বাস্থ্য সম্পর্কিত প্রথাগত জ্ঞান থাকলেও উনাদের মত স্বাস্থ্য বিষয়ক ব্যবহারিক/প্রায়োগিক জ্ঞান কিন্তু নেই।তাই আমার মনে হয়,ছাত্র-ছাত্রীদেরকে মেডিসিন দেওয়া শিক্ষকদের উচিত নয় বা না দেওয়াই শ্রেয়।তাই এর জন্য প্রয়োজন বিদ্যালয়ের নিকটবর্তী উপস্বাস্থ্য কেন্দ্র বা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র গুলোকে মাসে কিংবা সপ্তাহে একবার করে স্কুল ভিজিট করা এবং ছাত্র-ছাত্রীদের স্বাস্থ্যগত সমস্যা গুলোকে ডায়াগনোসিস করা।তার পাশাপাশি ছাত্র-ছাত্রীদেরকে স্বাস্থ্য বিষয়ক সচেতন করা।মেডিসিন দেওয়ার পাশাপাশি যৌন শিক্ষা ও স্বাস্থ্য শিক্ষা নিয়ে ছাত্র-ছাত্রীদেরকে নানান তথ্য বা জ্ঞান প্রদান করা।যেমন-স্যানিটারি ন্যাপকিন এর গুরুত্ব নিয়ে আলোচনা করা,বিভিন্ন যৌন রোগ বা ছোঁয়াচে রোগ সম্পর্কে নানান তথ্য মূলক জ্ঞান প্রদান করা প্রভৃতি। পাশাপাশি ছাত্র-ছাত্রীদের থেকে তাদের অসুবিধা গুলোকে শোনা এবং সেগুলিকে সঠিকভাবে নিয়ন্ত্রণ করার জন্য সঠিক পরামর্শ প্রদান করা প্রভৃতি।তাহলেই আমার মনে হয় ছাত্র-ছাত্রীদের স্বাস্থ্যের বিষয়টি যথেষ্ট ভালো থাকবে এবং যথেষ্ট উন্নতি হবে।

*জয়দেব বেরা*
মেডিক্যাল কলেজের সমাজতত্ত্বের অতিথি অধ্যাপক, সমাজকর্মী এবং লেখক ও সম্পাদক

প্রথম নজর

# বাল্য বিবাহ ও অকাল মাতৃত্ব নিয়ে ইউনিসেফ সভা করল বহরমপুরে




**হাসান বসির ● বহরমপুর**

**আপনজন:** বহরমপুর ব্লকে বাল্যবিবাহ ও টিনেজ প্রেগনেন্সি কমানোর উদ্দেশ্যে এ্যাড রিলেশন রিসোর্স পুল তৈরি করার উদ্দেশ্যে একটি কর্মশালার আয়োজন করা হয় ,এই কর্মশালার উপস্থিত ছিলেন বহরমপুর পঞ্চায়েত সমিতির সভাপতি মাননীয় শ্রী আইজুদ্দিন মন্ডল, ও সহকারী সভাপতি সুবীর মন্ডল এবং যুগ্ম সমষ্টি উন্নয়ন আধিকারিক শালিনী মহাপাত্র , ইদ্রিস আলী সাওনি পাল বহরমপুর মহিলা থানার ওসি এবং স্বেচ্ছাসেবী সংস্থার কর্মীবৃন্দ এই সভার মাধ্যমে কিশোর ও কিশোরীদের মধ্যে সক্ষমতা বৃদ্ধি আগাম প্রেগনেন্সি ও বাল্যবিবাহ প্রতিরোধ আলোচনা করা হয়। আইজুদ্দিন মন্ডল বললেন রাজ্য সরকার ছাত্র-ছাত্রীদের উজ্জ্বল ভবিষ্যতের জন্য সরকারি বিভিন্ন প্রকল্প তুলে ধরেন কন্যাশ্রী ,সবুজ সাথী অভিভাবকদের উদ্দেশ্যে বললেন বাল্যবিবাহকে না বলুন । আজকের এই সভায় ১৮ টি বিদ্যালয় অংশগ্রহণ করেন ছাত্র ছাত্রী অংশগ্রহণ করন ,এবং সম্মুখ ধারণা নিয়ে তারা আগামী দিনের পথ চলাতে সক্ষম হবে। বহরমপুর ব্লকের ঝুঁকিপূর্ণ এলাকার বিশেষ করে আর্লি ম্যারেজ ও আর্লি প্রেগনেন্সির উপর ভিত্তি করে ঝুঁকিপূর্ণ এলাকার হাই স্কুল থেকে একজন করে টিচার ও তিনজন করে গার্লস ও বয়েজ উপস্থিত ছিলেন তাদের অর্থাৎ কন্যাশ্রী ক্লাবের কিশোরী দেরকে এই বিষয়ে আলোকপাত করা হয়। আরো বিভিন্ন বিষয় জানানো হবে।

# বিশ্ব উষ্ণায়ন বিষয়ক কর্মশালা দুবরাজপুরে



**সেখ রিয়াজুদ্দিন ● বীরভূম**

**আপনজন:** গ্রামের কৃষক থেকে গবেষণারত বিজ্ঞানী সবাই লক্ষ্য করছেন আবহাওয়ার পরিবর্তন। গরমকালে গরম বাড়ছে, অসময়ে বৃষ্টি হচ্ছে, বন্যা বাড়ছে, খরা বাড়ছে। হেমন্ত আর বসন্ত ঋতুকে পাওয়া যাচ্ছে খালি ক্যালেন্ডারে। পরিবেশবিদরা এরজন্য দায়ী করছেন উষ্ণায়নকে। বলছেন পৃথিবীর তাপমাত্রা আরো অনেক বাড়বে, সমুদ্রতল আরো উঁচু হবে, ফলে উপকূল এলাকা ডুববে, হিমবাহ গলে যাবে,নদী যাবে শুকিয়ে। এই সংকট থেকে বাঁচার উপায় কি? ভবিষ্যৎ প্রজন্মের কী হবে?এই সমস্যা ও সম্ভাব্য সমাধানের উপায়ের লক্ষ্যে কাজ করে চলেছে ডেভেলপমেন্ট রিসার্চ কমিউনিকেশন এন্ড সার্ভিসেস সেন্টার নামক স্বেচ্ছাসেবী সংস্থা। তাদের আয়োজনে বৃহস্পতিবার দুবরাজপুর ব্লকের সেমিনার হলে ও বিশ্ব উষ্ণায়ন বিষয়ক কর্মশালার আয়োজন করা হয়। অনুষ্ঠানের শুরতেই প্রতীকি হিসেবে একটি চারা গাছে অতিথি বর্গ জল দিয়ে অনুষ্ঠানের শুভসূচনা করেন। সংগঠনের চিপ প্রোগ্রাম অফিসার সোমজিতা চক্রবর্তী সংগঠনের পরিচিতি এবং আজকের মুখকথা পরিবেশন করেন।উপস্থিত অতিথিগন তাদের বক্তব্যে বিশ্ব উষ্ণায়নের প্রাসঙ্গিকতা তুলে ধরেন, কি করণীয় ইত্যাদি দিকগুলোর উপর আলোকপাত করেন। উপস্থিত ছিলেন দুবরাজপুর ব্লক সমষ্টি উন্নয়ন আধিকারিক রাজা আদক, জেলা শিশু সুরক্ষা আধিকারিক নিরুপম সিনহা,জেলা পরিষদের খাদ্যকর্মাদক্ষ অরুণ চক্রবর্তী, দুবরাজপুর পঞ্চায়েত সমিতির সভাপতি বুদ্ধদেব হেমরম। এছাড়াও ছিলেন ব্লক স্তরের বিভিন্ন আধিকারিক সহ চারটি পঞ্চায়েত এলাকার আধিকারিকগণ।

# মৎস্যজীবীদের নিয়ে কর্মশালা কালিয়াচকে

**নাজমুস সাহাদাত ● কালিয়াচক**



**আপনজন:** মালদা জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের উদ্যোগে কালিয়াচক ১নং ব্লকের জালুয়াবাধাল সমবায় কৃষি উন্নয়ন সমিতিতে আয়োজিত হয়ে গেল ব্লকের মৎস্যজীবি দের নিয়ে এক মৎশ্যজীবি ক্রেডিট কার্ড কর্মশালা। এদিনের মৎস্যজীবী ক্রেডিট কার্ড কর্মশালায় মালদা জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক এবং মৎস্য দপ্তর পশ্চিমবঙ্গ সরকারের তত্ত্বাবধানে উক্ত কর্মশালায় প্রায় ৬৫ জন মৎস্যজীবীদের কৃষি ঋণ প্রদান, স্বনির্ভর গোষ্ঠী গঠন, প্রশিক্ষণ ও ঋণ প্রদান, ব্যাংকিং এর সুবিধা প্রদান করা হয়। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মালদা জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের ডেপুটি জেনারেল ম্যানেজার অর্জুন আগারওয়াল, এগ্রীল সেকশন ইনচার্জ পুলক হালদার, সুপার ভাইজার আরিফ হোসেন, ব্লক সমবায় পরিদর্শক রজত সুভ্র, সমিতির ম্যানেজার ফিরদৌসি খাতুন এছাড়াও মৎস দপ্তরের আধিকারিক অশিম কুমার ঘোষ, সুপারভাইজার মালদা ডিসিসিবি লি. মুহাম্মদ নয়ন সেখ সহ অন্যান্যরা। অর্জুন আগারওয়াল জানান, মৎজীবীদের মালদা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক থেকে মৎস্যজীবী ক্রেডিট কার্ড এর মাধ্যমে খুব সামান্য পরিমাণ সুদের হারে মৎস্যজীবীদের ঋণ দেওয়া হবে।

# পঞ্চায়েত সমিতির দফতরে ভেঙে পড়ল ফলস সিলিং

**সঞ্জীব মল্লিক ● বাঁকুড়া**




**আপনজন:** গৃহহীনদের মাথার উপর ছাদ তুলে দেওয়া যে পঞ্চায়েত সমিতির দায়িত্ব সেই পঞ্চায়েত সমিতির সভাপতি ও কর্মাধ্যক্ষদের দপ্তরেই হুড়মুড়িয়ে ভেঙে পড়ল ফলস সিলিং, অল্পের জন্য প্রাণে বাঁচলেও গৃহহীন হয়ে খোলা আকাশের নিচে বসেই পরিসেবা দিতে বাধ্য হলেন সভাপতি সহ কর্মাধ্যক্ষরা ।

সরকারি প্রকল্পে এলাকার গৃহহীনদের মাথার উপর ছাদ তুলে দেওয়ার দায়িত্ব স্থানীয় পঞ্চায়েত সমিতির। কিন্তু খোদ পঞ্চায়েত সমিতির সভাপতির চেম্বারেই হুড়মুড়িয়ে ভেঙে পড়ল ফলস সিলিং। অল্পের জন্য সভাপতি সহ কর্মধ্যক্ষরা প্রাণে বাঁচলেও গৃহহীন হলেন তাঁরা। ঘর হারিয়ে খোলা আকাশের নীচে গাছের তলায় বসে পরিসেবা দিতে বাধ্য হচ্ছেন পঞ্চায়েত সমিতির সভাপতি সহ কর্মাধ্যক্ষরা।

বাঁকুড়ার ইন্দপুর পঞ্চায়েত সমিতি তৃনমূল পরিচালিত। আর পাঁচটা পঞ্চায়েত সমিতি সহ এই পঞ্চায়েত সমিতির কাঁধেও ছিল গৃহহীনদের মাথায় ছাদ তুলে দেওয়ার। কিন্তু সেই পঞ্চায়েত সমিতির সভাপতি সহ কর্মাধ্যক্ষরাই এবার হয়ে পড়লেন গৃহহীন। আজ সকালে দপ্তর খোলার সময় আচমকাই হুড়মুড়িয়ে ভেঙে পড়ে পঞ্চায়েত সমিতির সভাপতির চেম্বারের ফলস সিলিং। সে সময় সভাপতি ও কর্মাধ্যক্ষরা ভেতরে না থাকায় কোনোক্রমে প্রাণে বাঁচেন তাঁরা। কিন্তু ভেঙে পড়া সেই দপ্তরে বসে আর কাজ করার সাহস দেখাতে পারেননি সভাপতি সহ কর্মাধ্যক্ষরা। অগত্যা খোলা আকাশের নীচে গাছের তলায় চেয়ার টেবিল পেতে বসে সাধারণ মানুষকে পরিসেবা দিতে বাধ্য হন পঞ্চায়েত সমিতির সভাপতি সহ অন্যান্য কর্মাধ্যক্ষরা। এই ঘটনার জন্য পঞ্চায়েত সমিতির সভাপতি সহ কর্মাধ্যক্ষরা কাঠগোড়ায় তুলেছেন স্থানীয় বিডিও কে। তাঁদের দাবী দপ্তরের বেহাল অবস্থার কথা বারবার বিডিওকে জানানো হলেও তিনি সংস্কারের কোনো ব্যবস্থা নেয়নি। যতদিন পর্যন্ত সংস্কার না হচ্ছে ততদিন এভাবেই গাছের তলায় বসে পরিসেবা দেওয়ার কথা জানিয়েছেন সভাপতি সহ কর্মাধ্যক্ষরা। একই ভবনে নিজের দপ্তরে থাকা বিডিও অবশ্য জানিয়েছেন গোটা ভবনটিই বেশ পুরানো। ঢালাও সংস্কারের প্রয়োজন। কিন্তু পঞ্চায়েত সমিতির সভাপতির দপ্তরের অবস্থা এতটা বেহাল তা তাঁর জানা ছিল না। অবিলম্বে ওই দপ্তর সংস্কার করা হবে। আপাতত সভাপতি সহ কর্মাধ্যক্ষদের অন্য দপ্তরে বসার ব্যবস্থা করা হয়েছে।

# একুম্বা গ্রামের জুনিয়র হাই স্কুলে মাত্র দুজন শিক্ষক, সঙ্কটে পাঠদান

**সাবের আলি ● বড়ঞা**




**আপনজন:** সরকারি জুনিয়র উচ্চ বিদ্যালয়ে শিক্ষার্থী সংখ্যা ৮০ জন। বড়ঞা ব্লকের, একুম্বা গ্রামের জুনিয়র উচ্চ বিদ্যালয়ে রয়েছেন মাত্র ২ জন শিক্ষক। পঞ্চম থেকে অষ্টম শ্রেণীর শিক্ষার্থীদের পাঠদানে হিমশিম খাচ্ছেন দুইজন শিক্ষকরা। দাপ্তরিক কাজে একজন শিক্ষক গেলে একজন শিক্ষকই পুরো বিদ্যালয়ে পাঠদান করান।

সকালের শিফটে চার ক্লাস। কিন্ত শিক্ষক দুই জন। বাধ্য হয়ে দুইটা ক্লাসের শিক্ষার্থীদের একসাথে পাঠদান করানো হচ্ছে। বিদ্যালয়ের শিক্ষক মোজাম শেখ জানান, আমি আর একজন ম্যাডাম মিলে দুজন। সারাদিনই আমাদের পাঠদান করাতে হয়। শিক্ষার্থীর তুলনায় শিক্ষক খুবই কম। ৮০ জন শিক্ষার্থীকে দুই জন শিক্ষকের পক্ষে পাঠদান করানো সম্ভব না। ৪ জন শিক্ষকের পদ থাকলেও কর্মরত আছি মাত্র দুই।

অভিভাবক কঙ্কালি বাগদী জানান, একজন শিক্ষক বাংলা ইংরেজি থেকে সমস্ত ক্লাস নেন। আবার প্রায়দিন চারটি ক্লাসের ছাত্রছাত্রীদর একসঙ্গে বসিয়ে ক্লাস করা হয়। কাজেই আমি আমার ছেলেকে সেখান থেকে ছাড়িয়ে নিয়ে দূরের স্কুলে ভর্তি করেছি। সেই কারণে ছেলের স্কুল গ্রাম থেকে সাত কিলোমিটার দূরে হয়ে গিয়েছে। তাতে ও লেখাপড়ায় চরম ক্ষতি হচ্ছে। অভিভাবকরা বলেন, এই কারণে স্কুল ছুটির সংখ্যা বেড়ে চলেছে। অনেকে ছেলেদের লেখাপড়া ছাড়িয়ে দিচ্ছেন। যদিও অভিভাবক কাউসার আলি বলেন, স্কুলের শিক্ষকের অভাবেই ছাত্রছাত্রীদের অন্য স্কুলে ভর্তি করতে হচ্ছে। আমরা প্রশাসনের কাছে দাবি করেছি যাতে দ্রুত শিক্ষক নিয়োগ করা হয়।

স্কুলের টিআইসি শামীমা পারভীন। বলেন, আমাদের দুইজনকেই টানা ক্লাস নিতে হয়। কোন বিরাম নেই। এরমধ্যেই যখন কাউকে অফিসিয়াল কাজে বাইরে যেতে হয় তখন সমস্যা আরও বেড়ে যায়। একজন শিক্ষককে চারটি ক্লাস একসঙ্গে নিতে হয়। তারউপর মিডলে মিলের সমস্যাও রয়েছে। স্কুল টাইমের বাইরে আমাদের কাউকে বাজার করে আনতে হয়। তাতে করে পরিবারের জন্য বেশি সময় দেওয়া যায় না।

এই সমস্যার কথা উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানান হয়েছে। যতক্ষন পর্যন্ত স্কুলে নতুন করে না নিয়োগ হচ্ছে। ততদিন সমস্যা থেকেই যাবে। স্কুলে ছাত্র ছাত্রী সংখ্যাও কমতে থাকবে। বড়ঞা বিডিও গোবীন্দ দাস সমস্যা সমাধানের আশ্বাস দিয়েছেন।

# ডাক্তার খুনে ছাত্র-ছাত্রীদের প্রতিবাদ মিছিল বর্ধমানে



**আর এ মণ্ডল ● বর্ধমান**

**আপনজন:** বুধবার বর্ধমান জেলার বর্ধমান সদরে ছাত্র-ছাত্রীদের এক অরাজনৈতিক সংগঠন,- "ইউনাইটেড স্টুডেন্টস ফ্রন্ট"-এর উদ্যোগ ও পরিচালনার মাধ্যমেও ধ্বনিত হল আরজি কর কাণ্ডের প্রতিবাদ। পথ সভায় ন্যায় বিচার, কঠোর শাস্তির বিধান জারি করার দাবি উঠল। সেই সাথে সরকার, পুলিশ প্রশাসন এর বিবেক ও নৈতিকতার বুকে আঘাত হানা স্লোগান। প্রতিবাদী পথ সভার শুরু বর্ধমান কে এস পি-র ফাস্ট গেট থেকে শুরু করে বর্ধমান মেডিকেল কলেজ এবং হসপিটাল হয়ে বিগবাজারের সামনে দিয়ে তিন কোনিয়া বাসস্ট্যান্ডের পাশ দিয়ে কার্জন গেট। বিকাল ৩ টা ৩০ মিঃ থেকে ২ ঘন্টা ব্যাপী এই র‍্যালিতে অনেক সাধারণ মানুষের যোগদান ছিল চোখে পড়ার মতো। উদ্যোক্তাদের মধ্যে ছিলেন সৃজনী চ্যাটার্জি, অভিজ্ঞান চক্রবর্তী, মুহাম্মাদ শুয়াইব আসলাম, আয়ুস বণিক ও স্বর্ণাঙ্গ ঘোষাল।

# জীবনতলায় চোরকে গণধোলাই, তদন্তে পুলিশ



**সুভাষ চন্দ্র দাশ ● ক্যানিং**

**আপনজন:** গৃহস্থের বাড়িতে চুরি করতে গিয়ে তাড়া খেয়ে ধরা পড়ে যায় এক চোর। গৃহস্থ বাড়ির মালিক উত্তম মধ্যম দেয়। গ্রামবাসীরা খবর পেয়ে আরো উত্তম মধ্যম গণধোলাই দিয়ে পুলিশের হাতে তুলে দেয়। বর্তমানে আভিযুক্ত চোর বাপ্পা মোল্লা ক্যানিং মহকুমা হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। ঘটনার তদন্ত শুরু করেছে ক্যানিং থানার পুলিশ। ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার ক্যানিং জীবনতলা থানার বর্ডার এলাকায়।

স্থানীয় সুত্রে জানা গিয়েছে ক্যানিংয়ের তালদি পঞ্চায়েতের উত্তর তালদির কৃষ্ণকালি কলোনি ও পার্শ্ববর্তী জীবনতলার তাম্বুলদহ ১ পঞ্চায়েতের পাতিখালি গ্রামে বিগত বেশ কিছুদিন যাবত চুরির ঘটনা ঘটছিল। এমন পরিস্থিতিতে চোর কে ধরতে পারছিলেন না গ্রামবাসীরা।বুধবার রাত প্রায় দুটোর সময় এলাকায় লোডশেডিং হয়ে যায়। সেই সময় একাধিক গৃহস্থের বাড়ির মধ্যে চোর ঢুকে পড়ে।

# আরজি করের ঘটনার প্রতিবাদ জানিয়ে মিছিল কংগ্রেসের



**অমরজিৎ সিংহ রায় ● বালুরঘাট**

**আপনজন:** আরজি করের ঘটনায় প্রতিবাদ মিছিল জাতীয় কংগ্রেসের। সিবিআইকে অতি দ্রুত তদন্ত শেষ করে দোষীদের কঠোর শাস্তি দেবার দাবিতে এদিন এই প্রতিবাদ কর্মসূচিতে শামিল হয় জাতীয় কংগ্রেস। বালুরঘাটে থানা মোড় এলাকায় চলা এই প্রতিবাদ মিছিলে উপস্থিত ছিলেন জাতীয় কংগ্রেসের দক্ষিণ দিনাজপুর জেলা সভাপতি অঞ্জন চৌধুরী, সহকারী সভাপতি আব্দুল সাদেক সরকার সহ অন্যান্য নেতৃত্বরা। প্রতিবাদ মিছিল কে কেন্দ্র করে কোন রকম অপ্রীতিকর ঘটনা এড়াতে ঘটনাস্থলে মোতায়েন ছিল বালুরঘাট থানার পুলিশ।

এ বিষয়ে জাতীয় কংগ্রেসের দক্ষিণ দিনাজপুর জেলা কমিটির সভাপতি অঞ্জন চৌধুরী জানান, 'আর জি কর এর ঘটনার প্রতিবাদে আজ আমরা ধিক্কার মিছিল করছি। পাশাপাশি দোষীদের আড়াল করবার জন্য রাজ্য সরকার যে জঘন্য কাজ করছে, তার প্রতিবাদে আমরা এই কর্মসূচি নিয়েছি।'

# পাঁচ বছরের শিশুকে সিগারেটের ছ্যাঁকা!

**জাহেদ মিস্ত্রি ● সোনারপুর**



**আপনজন:** পাঁচ বছরে শিশুর উপর নারকীয় অত্যাচার মাসি ও মেসোর। যদিও শিশুটি তাদের বাবা-মা হিসেবেই চেনে। মাত্র তিন মাস বয়স থেকে তাদের কাছে মানুষ এই শিশুটি। চিরুনি দিয়ে তাকে সর্বত্র মারা হয়েছে। এর পাশাপাশি তার গোটা গায়ে জ্বলন্ত সিগারেটের ছেঁকা দেওয়া হয়েছে বলেও অভিযোগ। ঘটনার তদন্ত শুরু করেছে সোনারপুর থানার পুলিশ।

সোনারপুরের গোড়খাড়া এলাকার বাসিন্দা অভিযুক্ত মাসী ও মেসোর সাথেই থাকতো আক্রান্ত শিশুটি। জন্মের পরেই তার মা মারা যায়। মা মারা যাওয়ায় মাত্র তিন মাস বয়স থেকেই মাসি ও মেসোর কাছেই থাকে সে। তাদেরকেই বাবা ও মা বলে জানতো ও ডাকত। আক্রান্ত শিশুটির স্কুলের বন্ধুরা, তার সারা শরীরে আঘাতের চিহ্ন দেখতে পায়। তারাই তাদের বাবা- ও মায়ের কাছে পুরো বিষয়টি খুলে বলে। অন্যান্য অভিভাবকরা বিষয়টি জানতে পেরে আক্রান্ত শিশুটির মাসি ও মেসোর কাছে যায়। আক্রান্ত শিশুটিকে নিয়ে পুলিশের কাছে জান স্কুলের অন্যান্য ছাত্র-ছাত্রীদের অভিভাবকরা। শিশুটিকে সোনারপুর থানার পুলিশের হাতে তুলে দেওয়া হয়। শিশুটির প্রাথমিক চিকিৎসার পর আপাতত তাকে একটি সরকারি হোমে রাখা হয়েছে বলে সোনারপুর থানার পুলিশ সূত্রে জানা গিয়েছে। বিষয়টি অন্যান্য অভিভাবকরা সোনারপুর থানায় মৌখিকভাবে জানালেও এখনো পর্যন্ত কেউই লিখিত অভিযোগ দায়ের করেননি। স্কুলের পক্ষ থেকেও এখনো পর্যন্ত কোনো লিখিত অভিযোগ দায়ের হয়নি। নিজের থেকে ঘটনার তদন্ত শুরু করেছে সোনারপুর থানার পুলিশ। তবে এখনো পর্যন্ত গ্রেপ্তার হয়নি অভিযুক্তরা।

# মোমবাতি মিছিল মহিলাদের




**আমীরুল ইসলাম ● বোলপুর**

**আপনজন:** প্রায় ৫ কিলোমিটার পদযাত্রা করে প্রতিবাদে গর্জে উঠল ময়ূরেশ্বর দুই নম্বর ব্লকের অন্তর্গত কলেশ্বর গ্রামের মহিলারা। মূলত আরজিকর মেডিকেল কলেজ হাসপাতালে এক ডাক্তারি পড়ুয়াকে নৃশংস ভাবে খুন ও হত্যা করা হয়েছিল ঠিক তারই প্রতিবাদে আজ অর্থাৎ বৃহস্পতিবার বৈকাল ছটা থেকে কলেশ্বর শিব মন্দির হয়ে কলেশ্বর বাজার পরিক্রমা করে আবার পুনরায় কলেশ্বর শিব মন্দিরের কাছে এসে এই পদযাত্রা শেষ হয় ও সব শেষে সন্ধ্যা ৭টা নাগাদ মোমবাতি মিছিল করে আজকের এই প্রতিবাদ মিছিলে কলেশ্বর গ্রামের প্রায় কয়েকশ মহিলারা এই প্রতিবাদে গর্জে উঠলেন। মূলত আরজিকর কাণ্ডের প্রতিবাদে গ্রাম থেকে শহর সর্বত্রই প্রতিবাদে গর্জে উঠছেন মহিলারা তবে পিছিয়ে নেই কলেশ্বর গ্রামবাসী। আজ অর্থাৎ বৃহস্পতিবার বৈকালে তারাও পদযাত্রা করে এক প্রতিবাদ মিছিল করলেন তারা।

# রাধাকান্তপুরে মদ বিরোধী আন্দোলন




**নিজস্ব প্রতিবেদক ● রায়দিঘি**

**আপনজন:** শুক্রবার সুন্দরবনের রায়দিঘি থানার অন্তর্গত মথুরাপুর দু'নম্বর ব্লকের রাধাকান্তপুরে মদ বিরোধী নাগরিক কমিটির আহব্বানে শতাধিক মানুষের বিক্ষোভ কর্মসূচী হয়ে গেল। কুলতলি গ্রামে( জয়নাল ব্রিজের নিকট)এলাকায় মদ নিষিদ্ধ করা মা-বোনেদের নিরাপত্তা সুনিশ্চিত করা ও আর জি কর কাণ্ডে প্রকৃত দোষীদের চিহ্নিত করে দৃষ্টান্ত মূলক শাস্তির দাবিতে এদিন এই বিক্ষোভ মিছিলটি হয়। এদিন কয়েকটি মদের দোকানের অস্থায়ী চালা ভেঙে গুঁড়িয়ে দেয় মদ বিরোধী আন্দোলন কারী মহিলারা। মদ বিরোধী মহিলাদের বক্তব্য হল কোন ব্যক্তি এলাকায় মদ বিক্রয় করতে পারবে না। তার একটাই কারণ বাড়ির পুরুষেরা মদ খেয়ে এসে মহিলাদের উপর অত্যাচার করে। তারই প্রতিবাদ স্বরূপ এই আন্দোলনে সবাই সামিল হন । এ ছাড়া আর জি কাণ্ডে দোষীদের শাস্তির দাবি জানানো হয়।

# ২৪ ঘন্টারর মধ্যে ছিনতাই বাজ গ্রেফতার



**সেখ আব্দুল আজিম ● চন্ডীতলা**

**আপনজন:** শিয়াখালার একটি রাষ্ট্রআত্র ব্যাংক থেকে পঞ্চাশ হাজার টাকার নগদ তুলে এক ভদ্রমহিলা বাড়ি যাওয়ার সময় হঠাৎই তাকে টার্গেট করে এক ছিনতাইবাজ এবং সঙ্গে সঙ্গে সেই টাকা নিয়ে চম্পট দেয় তারা। ওই ভদ্রমহিলা ২০ তারিখ চন্ডীতলা থানায় অভিযোগ দায়ের করেন,এর পরই ঘটনার তদন্তে নামে হুগলী গ্রামীণ পুলিশের চন্ডীতলা থানা।অফিসার ইনচার্জ জয়ন্ত পালের নেতৃত্বে এসআই প্রসেনজিৎ বিশ্বাস সহ একাধিক পুলিশ কর্মীকে নিয়ে টিম গঠন হয়।২৪ ঘন্টা কাটতে না কাটতেই নদীয়ার বীজপুর থানা এলাকা থেকে এই ছিনতাইবাজকে গ্রেফতার করে পুলিশ এবং উদ্ধার হয় বেশ কিছু নগদ এবং একটি মোটরবাইক ও মোবাইল ফোন। আজ সাংবাদিক সম্মেলন করে রীতিমতো রোমাহর্ষকর ঘটনার কথা শোনালেন এসডিপিও তমাল সরকার।

# ফলতায় কঠিন বর্জ্য ব্যবস্থাপন কেন্দ্রের সূচনা



**চন্দনা বন্দ্যোপাধ্যায় ● ফলতা**

**আপনজন:** জেলা শাসকের উপস্থিতিতে ফলতায় কঠিন বর্জ্য ব্যবস্থাপন কেন্দ্রের উদ্বোধন হয়ে গেল শুক্রবার।বর্তমান যুগে জনসংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে সম্পদ ব্যবহারের মাত্রা যথেষ্ট বৃদ্ধি পেয়েছে, ফল স্বরুপ বর্জ্য পদার্থ উৎপাদনের পরিমানও বেড়েছে। এই বর্জ্য পদার্থের অর্থ মূল্য নেই অথচ পরিবেশ দূষণ ঘটায়। এই বর্জ্য রূপান্তরিত করতে এবং পরিবেশ দূষণ রোধ করতে জেলার বিভিন্ন গ্রাম পঞ্চায়েতের কঠিন বর্জ্য ব্যবস্থাপন কেন্দ্র তৈরি করা হয়েছে ইতিমধ্যে। শুক্রবার ফলতা ব্লকের ফতেপুর গ্রাম পঞ্চায়েতে কঠিন বর্জ্য ব্যবস্থাপনা কেন্দ্রের শুভ উদ্বোধন হয়ে গেল।উপস্থিত ছিলেন জেলাশাসক সুমিত গুপ্তা, জেলা সভাধিপতি নীলিমা বিশাল মিস্ত্রি,বিধায়ক শংকর কুমার নস্কর, জেলা পরিষদের কর্মাধ্যক্ষ শিখা রায়,জাহাঙ্গীর খান সহ আরো অনেকে।

ছড়িয়ে-ছিটিয়ে

# সামশেরগঞ্জের ভাঙন এলাকা পরিদর্শনে সাংসদ ঈশা



**নিজস্ব প্রতিবেদক ● অরঙ্গাবাদ**

**আপনজন:** মুর্শিদাবাদের সামশেরগঞ্জের গঙ্গা ভাঙ্গন কবলিত এলাকা পরিদর্শনে এলেন দক্ষিণ মালদা লোকসভা কেন্দ্রের সাংসদ ঈশা খাঁন চৌধুরী। বৃহস্পতিবার সকালে সামশেরগঞ্জের নতুন শিবপুর এলাকায় আসেন তিনি। ভাঙ্গন এলাকায় এসে কথা বলেন সাধারণ মানুষের সঙ্গে। বছরের পর বছর ধরে গঙ্গা ভাঙ্গন চললেও সরকারের পক্ষ থেকে পর্যাপ্ত ব্যবস্থা গ্রহন না করায় কেন্দ্র এবং রাজ্য সরকারের বিরুদ্ধে ক্ষোভ প্রকাশ করেন ঈসা খান চৌধুরী। এদিন সাংসদ ইসা খান চৌধুরীর সঙ্গে সামশেরগঞ্জ ব্লক কংগ্রেসের সভাপতি ইমাম শেখ সহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। এদিন পায়ে হেঁটে পরিদর্শন করার পাশাপাশি নৌকায় চড়ে ভাঙ্গন এলাকা খতিয়ে দেখেন সাংসদ। বালির বস্তায় ভাঙ্গন প্রতিরোধের কাজ নিয়ে ক্ষোভ প্রকাশ করে পাথর দিয়ে মজবুত করে ভাঙ্গন রোধ এবং ভাঙ্গনে ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনের দাবি তোলেন দক্ষিণ মালদার সাংসদ ঈশা খাঁন চৌধুরী।

# আদিবাসী সেঙ্গেলের অভিযান



**দেবাশীষ পাল ● মালদা**

**আপনজন:** আর জি কর সহ একাধিক নারী নির্যাতন, ধর্ষণ-খুনকান্ডের প্রতিবাদে বৃহস্পতিবার মালদায় আন্দোলনে নামল আদিবাসী সেঙ্গেল অভিযান। আন্দোলনের অঙ্গ হিসেবে প্রতিবাদ মিছিল ও পথ অবরোধ, বিক্ষোভ কর্মসূচি পালন করল মালদার হবিবপুর ব্লকে।বৃহস্পতিবার দুপুরে হবিবপুর ব্লকের রাইসমিল হাট থেকে একটি র‍্যালি বের হয় এদিন গোটা এলাকা পরিক্রমা করে হবিবপুর ব্লকের সামনেএসে মালদা নালাগোলা গোলা রাজ্য সড়ক ১ ঘন্টা অবোধ করে বিক্ষোভ দেখাতে থাকে।আর জি কর সহ একাধিক নারী নির্যাতন, ধর্ষণ-খুনকান্ডের প্রতিবাদে ফাঁসি দাবি তুলো বিক্ষোভ দেখাতে থাকে নেতৃত্ব দিয়েছেন আদিবাসী সিঙ্গেল অভিযানের সদস্যরা।অন্য দিকে মালদার মানিকচকে আরজি কর কান্ডের প্রতিবাদে মালদার মানিকচকের মথুরাপুর অঞ্চলে ধিক্কার মিছিল।এই ধিক্কারটি মথুরাপুর এলাকাবাসীর তরফে করা হয়।এদিনের মিছিলে মহিলা, পুরুষ ও শিশুরা অংশগ্রহণ করেন।

# ব্লাড ব্যাঙ্ক চক্র পুলিশের জালে



**নিজস্ব প্রতিবেদক ● কালিয়াচক**

**আপনজন:** মালদা মেডিক্যাল কলেজ এন্ড হাসপাতালে ব্লাড ব্যাংকের সামনে ও হাসপাতাল চত্বর এলাকায় রক্তের বিনিময়ে টাকা উপার্জনের চক্র সম্পর্কে খবর পেয়ে অভিযান চালিয়ে দুই ব্যক্তিকে গ্রেফতার করেছে ইংলিশবাজার থানার পুলিশ। বৃহস্পতিবার ভোর রাত আনুমানিক পাঁচটা নাগাদ এই অভিযান চালিয়ে দু'জনকে গ্রেফতার করে পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে, ধৃতরা হল মীরচক বটতলী এলাকার বাসিন্দা মোঃ আলিম শেখ( ৪২ )এবং পুরাতন মালদার ছাতিয়ান মোড় এলাকার বাসিন্দা খুদু দাস (৪০)।

# ইউটিউব চ্যানেল খুলে মেসিকে ২ ঘণ্টায় ছাড়িয়ে বিশ্ব রেকর্ড রোনাল্ডোর




**আপনজন ডেস্ক:** সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুক, এক্স (সাবেক টুইটার) ও ইনস্টাগ্রামে অনেক আগে থেকেই সক্রিয় ক্রিস্টিয়ানো রোনাল্ডো। ফেসবুক ও ইনস্টাগ্রামে তো অনুসারী সংখ্যায় সবাইকে ছাড়িয়ে গেছেন তিনি। আছে নিজস্ব ওয়েবসাইটও। এবার অনলাইন ভিডিও শেয়ারিং প্ল্যাটফর্ম ইউটিউবেও চ্যানেল খুললেন রোনাল্ডো। পাঁচবারের ব্যালন ডি'অর জয়ী ফুটবলার চ্যানেলের নাম দিয়েছেন 'ইউআর ক্রিস্টিয়ানো'। রোনাল্ডো গতকাল চ্যানেলটি খুলতেই ইন্টারনেট ব্যবহারকারীরা হামলে পড়েছেন। চ্যানেলটিতে এক দিনেই অনুসারীর সংখ্যা ১ কোটি ২৫ লাখ ছাড়িয়েছে। প্রথম এক ঘণ্টাতেই তাঁর অনুসারীর সংখ্যা ১ মিলিয়ন বা ১০ লাখ স্পর্শ করেছে, সংবাদমাধ্যম আল-জাজিরার দাবি অনুযায়ী যা নতুন বিশ্ব রেকর্ড। এর আগে এত অল্প সময়ে আর কোনো ইউটিউব চ্যানেলের অনুসারীসংখ্যা ১ মিলিয়ন ছাড়ায়নি। শুধু তা-ই নয়, ইউটিউব চ্যানেলে অনুসারী সংখ্যায় দীর্ঘদিনের মাঠের প্রতিদ্বন্দ্বী লিওনেল মেসিকে মাত্র ২ ঘণ্টার মধ্যেই ছাড়িয়ে গেছেন রোনাল্ডো। বাংলাদেশ সময় গতকাল রাত ১১টা পর্যন্ত মেসির ১৮ বছর আগে চালু করা ইউটিউব চ্যানেল 'লিও মেসি'র অনুসারীর সংখ্যা ছিল ২১ লাখ ৬০ হাজার। রোনাল্ডোর অনুসারীর সংখ্যা মাত্র ২ ঘণ্টাতেই হয়েছিল ২১ লাখ ৭০ হাজার। সেটিও মাত্র ১৮টি ভিডিও আপলোড করেই। বিপরীতে মেসি এখন পর্যন্ত আপলোড করেছেন ২০৭টি ভিডিও। গুগলে বা ইউটিউবে 'ইউআর ক্রিস্টিয়ানো' লিখে সার্চ দিলেই দেখা যাচ্ছে চ্যানেলটির পরিচিতি, 'ইউআর ক্রিস্টিয়ানোয় স্বাগত—এটা ক্রিস্টিয়ানো রোনাল্ডোর অফিশিয়াল ইউটিউব চ্যানেল।' বাংলাদেশ সময় গতকাল সন্ধ্যায় সামাজিক যোগাযোগমাধ্যমে ইউটিউব চ্যানেল খোলার খবর জানান রোনাল্ডো। সৌদি ক্লাব আল নাসরের পর্তুগিজ মহাতারকা লেখেন, 'অপেক্ষার পালা শেষ। অবশেষে আমার ইউটিউব চ্যানেল চলে এল!' ভক্তদের চ্যানেলটিতে সাবসক্রাইব করতে বলার কথা রোনাল্ডো লিখেছেন তাঁর ট্রেডমার্ক উদ্‌যাপন সিউ...এর ঢঙে, (সাবসক্রাইব করুন) এবং আমার এই নতুন যাত্রায় যোগ দিন।' বর্তমানে এক্সে ১১ কোটি ২৫ লাখ, ফেসবুকে ১৭ কোটি ও ইনস্টাগ্রামে ৬৩ কোটি ৬০ লাখ অনুসারী আছে রোনাল্ডোর। সৌদি প্রো লিগের নতুন মৌসুম শুরু হচ্ছে আজ। রাতেই মাঠে নামছেন রোনাল্ডো। ঘরের মাঠে তাঁর দল আল নাসরের প্রতিপক্ষ আল রাইদ। ২০২৪-২৫ মৌসুমের শুরুটা অবশ্য প্রত্যাশিত হয়নি রোনাল্ডোর। সৌদি সুপার কাপের সেমিফাইনাল ও ফাইনালে গোল পেলেও দলকে চ্যাম্পিয়ন করতে পারেননি। গত শনিবার ফাইনালে আল নাসরকে ৪-১ গোলে উড়িয়ে শিরোপা জিতেছে আল হিলাল।

# অস্ট্রেলিয়ায় স্কুলের পাঠ্যক্রমে নতুন বিষয় ক্রিকেট



**আপনজন ডেস্ক:** শিক্ষার্থীদের পেশাদার ক্রিকেটার হয়ে ওঠার সম্ভাবনা বাড়াতে ক্রিকেটকে মূল বিষয় হিসেবে পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত করেছে অস্ট্রেলিয়ার একটি স্কুল। দেশটির ভিক্টোরিয়া রাজ্যে ২০০৩ সালে প্রতিষ্ঠিত এই মাধ্যমিক বিদ্যালয়ের নাম লারা সেকেন্ডারি কলেজ। লারা প্রাথমিক বিদ্যালয়ও লারা সেকেন্ডারি কলেজের সঙ্গে লাগোয়া।
লারা সেকেন্ডারি কলেজ জানিয়েছে, ২০২৫ সাল থেকে স্কুলের পাঠ্যসূচিতে ক্রিকেটকে একটি বিষয় হিসেবে প্রবর্তন করা হবে, যা শুধু মাঠে খেলাই নয়, অধ্যয়নেরও ব্যবস্থা করে দেবে। স্কুলটির সঙ্গে একাডেমি মুভমেন্টের অংশীদারিত্ব আছে। একাডেমি মুভমেন্ট হলো একটি অলাভজনক সংস্থা, যা বিভিন্ন স্কুলকে শিক্ষাবিষয়ক পরামর্শ ও সহায়তা দিয়ে থাকে। এই সংস্থার পাশাপাশি রাজ্য দল ক্রিকেট ভিক্টোরিয়া ও বিগ ব্যাশ লিগ ফ্র্যাঞ্চাইজি মেলবোর্ন রেনেগেডস স্কুলটিকে সব ধরনের সহযোগিতা করবে।
অস্ট্রেলিয়ার সংবাদমাধ্যম এবিসি জানিয়েছে, একাডেমি মুভমেন্ট লারা সেকেন্ডারি কলেজের নবম ও দশম শ্রেণির শিক্ষার্থীদের ক্রিকেটে এবং একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের খেলাধুলা ও বিনোদন বিষয়ে সনদপত্র প্রদান করবে। এ ছাড়া সপ্তম শ্রেণি পর্যন্ত ক্রিকেটে বিশেষ প্রশিক্ষণ দেবে।
টেস্টের ১৫০ বছর পূর্তিতে বিশেষ ম্যাচ খেলবে অস্ট্রেলিয়া-ইংল্যান্ড খেলাধুলা ও বিনোদন বিষয়ে সনদপত্র পাওয়ার আগে শিক্ষার্থীদের আম্পায়ারিং, কোচিং, ক্রীড়া মনোবিজ্ঞান, শরীরে থেরাপেটিক টেপ প্যাঁচানো এবং চোটে পড়লে প্রাথমিক চিকিৎসাসহ প্রধান ক্ষেত্রগুলোর কোর্স সম্পূর্ণ করতে হবে।
সেকেন্ডারি কলেজের ফেসবুক পাঠ্যক্রমে ক্রিকেটকে মূল বিষয় হিসেবে অন্তর্ভুক্ত করার ঘটনাকে শিক্ষার্থীদের জন্য 'রোমাঞ্চকর সুযোগ' মনে করছেন স্কুলটির অধ্যক্ষ লুক স্কিউস, 'ক্রিকেট ভিক্টোরিয়া ও একাডেমি মুভমেন্টের অংশীদার হতে পেরে লারা সেকেন্ডারি কলেজ সত্যিই গর্বিত। আমাদের ক্রিকেট একাডেমি শিক্ষার্থীদের উচ্চ স্তরের কোচিংয়ের মাধ্যমে সর্বোচ্চ পর্যায়ের শিক্ষা গ্রহণের ব্যবস্থা করে দেবে। ক্রিকেটের প্রতি শিক্ষার্থীদের আবেগকে পাঠ্যক্রমে জড়ানোর সুযোগ করে দিতে আমরা মুখিয়ে আছি। ক্রিকেটকে অনুসরণ করার ক্ষেত্রে এটি তাদের জন্য ইতিবাচক পথ খুলে দেবে।'

# টেস্ট অভিষেকে নয়ে নেমে সর্বোচ্চ রানের রেকর্ড, কে এই রত্নায়েকে




**আপনজন ডেস্ক:** মিলন রত্নায়েকে যখন ক্রিজে এসেছিলেন, শ্রীলঙ্কা ৭ উইকেটে ১১৩ রানে ধুঁকছিল। একে তো তাঁর অভিষেক টেস্ট, তার ওপর বোলার এবং ব্যাটিংয়ে নেমেছিলেন নয়ে; সম্ভবত কেউ ভাবেননি রত্নায়েকের কাছ থেকে অমন অবিশ্বাস্য ইনিংস দেখা যাবে! ম্যানচেস্টার টেস্টে গতকাল প্রথম দিনে রত্নায়েকের বীরত্বে শেষ পর্যন্ত ২৩৬ রানের ভদ্রস্থ সংগ্রহে অলআউট হয় শ্রীলঙ্কা। রত্নায়েকের ব্যাট থেকে আসে ১৩৫ বলে ৭২ রানের ঐতিহাসিক এক ইনিংস। ঐতিহাসিক কারণ, ছেলেদের টেস্টে অভিষেক ম্যাচে নয়ে ব্যাটিংয়ে নেমে এটাই এখন সর্বোচ্চ রানের রেকর্ড। রত্নায়েকে এই পথে পেছনে ফেলেছেন ১৯৮৩ বিশ্বকাপজয়ী ভারতের সাবেক অলরাউন্ডার বলবিন্দর সিং সান্ধুর রেকর্ডকে। ১৯৮৩ সালে হায়দরাবাদে পাকিস্তানের বিপক্ষে অভিষেক টেস্টে ভারতের প্রথম ইনিংসে নয়ে নেমে ৮৮ বলে ৭১ রানের ইনিংস খেলেছিলেন বালবিন্দর।রত্নায়েকের গতকালের কীর্তির আগপর্যন্ত ছেলেদের টেস্টে অভিষেক ম্যাচে নয়ে নেমে এত দিন সর্বোচ্চ রানের ইনিংসের রেকর্ডটি ছিল বলবিন্দরের দখলে। ৪১ বছর পর বলবিন্দরের সেই রেকর্ড নিজের করে নিলেন শ্রীলঙ্কান পেসার রত্নায়েকে। লঙ্কান অধিনায়ক ধনাঞ্জয়া ডি সিলভার সঙ্গে ক্রিজে যোগ দেন রত্নায়েকে। অষ্টম উইকেটে তাঁর সঙ্গে গড়েন ৬৩ রানের জুটি। তাঁর প্রতি অধিনায়কের বার্তাটা কী ছিল, এ নিয়ে প্রথম দিনের খেলা শেষে সংবাদমাধ্যমের সঙ্গে কথা বলেছেন রত্নায়েকে। অনুবাদকের সাহায্য নিয়ে ২৮ বছর বয়সী এই পেসার বলেছেন, 'অধিনায়ক চেয়েছিলেন আমি যেন টিকে থাকি এবং তাঁকে সমর্থন দিই। আমি সেটাই করেছি এবং তিনি আউট হওয়ার পর নিজের স্বাভাবিক খেলাটা খেলেছি।' ২ ছক্কা ও ৬ চারে ইনিংসটি সাজানো রত্নায়েকের প্রথম শ্রেণির ক্রিকেটে ২ টি ফিফটি আছে। ৫২ টি প্রথম শ্রেণির ইনিংসে তাঁর ব্যাটিং গড় ১৬.০৯। সর্বোচ্চ স্কোর ছিল ৫৯। এর আগে আফগানিস্তানের বিপক্ষে টেস্টে শ্রীলঙ্কার স্কোয়াডে থাকলেও একাদশে জায়গা হয়নি। গত সপ্তাহে ইংল্যান্ড লায়ন্সের ('এ' দল) বিপক্ষে প্রস্তুতি ম্যাচে ২ টি উইকেট নেওয়ার পর স্বাগতিকদের বিপক্ষে সিরিজের প্রথম টেস্টে অভিষেকের সুযোগ পান রত্নায়েকে। শ্রীলঙ্কার কুরুনেগালায় জন্ম নেওয়া এই পেসার ঘরোয়া ক্রিকেট খেলেই উঠে এসেছেন। অস্ট্রেলিয়ায় খেলার অভিজ্ঞতাও আছে। করোনা মহামারির সময় ফিরে আসেন শ্রীলঙ্কায়।
গত বছর শ্রীলঙ্কার ঘরোয়া মৌসুমে বল হাতে তাঁর গড় ছিল ২৯, ইনিংসসেরা বোলিং ৫০ রানে ৪ উইকেট।
গতকাল নিজের ইনিংসে ২ ছক্কায় অনন্য এক কীর্তিও গড়েছেন রত্নায়েকে। টেস্ট অভিষেকে নয়ে কিংবা তার নিচে ব্যাটিংয়ে নেমে প্রথম শ্রীলঙ্কান হিসেবে ইনিংসে দুটি ছক্কা মেরেছেন তিনি। এর আগে ১৯৯৮ সালে ওভালে ইংল্যান্ডের বিপক্ষে টেস্ট অভিষেকে একটি ছক্কা মেরেছিলেন নয়ে নামা সুরেশ পেরেরা।

# ৫ ম্যাচের মাধ্যমে টেস্ট চ্যাম্পিয়নশিপের নতুন পর্যায় শুরু ভারতের




**আপনজন ডেস্ক:** আগামী বছর ইংল্যান্ড সফরের মাধ্যমে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ২০২৫ থেকে ২০২৭ পর্যায় শুরু করবে ভারতীয় দল। আগামী বছরের জুনে ইংল্যান্ড সফরে যাবে ভারতীয় দল। জুন থেকে অগাস্ট পর্যন্ত চলবে এই সফর। ইংল্যান্ডের বিরুদ্ধে ৫ ম্যাচের টেস্ট সিরিজ খেলবে ভারতীয় দল। বৃহস্পতিবার ইংল্যান্ড অ্যান্ড ওয়েলশ ক্রিকেট বোর্ডের পক্ষ থেকে ভারতীয় দলের ইংল্যান্ড সফরের সূচি ঘোষণা করা হয়েছে। ২০২৫ সালের ২০ জুন লিডসের হেডিংলিতে ভারত-ইংল্যান্ড সিরিজের প্রথম টেস্ট ম্যাচ শুরু হবে। তার আগে জুনেই লন্ডনে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ২০২৩ থেকে ২০২৫ পর্যায়ের ফাইনাল হবে। ভারতীয় দল যদি টানা তৃতীয়বার ফাইনালে পৌঁছে যায়, তাহলে ইংল্যান্ডের মাটিতে টানা ৬ টেস্ট ম্যাচ খেলবে। হেডিংলিতে ইংল্যান্ডের বিরুদ্ধে সিরিজের প্রথম টেস্ট ম্যাচ খেলার পর এজবাস্টন, লর্ডস, ওল্ড ট্র্যাফোর্ড ও ওভালে বাকি চার ম্যাচ খেলবে ভারতীয় দল।

# রোহিতের প্রত্যাশা মেটাতে না পারলে কী হয়, বললেন শামি-আইয়ার




**আপনজন ডেস্ক:** সিয়াট ক্রিকেট অ্যাওয়ার্ডস ২০২৩-২৪-এ সেরা আন্তর্জাতিক ক্রিকেটারের পুরস্কার জিতেছেন রোহিত শর্মা। একই অনুষ্ঠানে সেরা ওয়ানডে বোলারের স্বীকৃতি পেয়েছেন পেসার মোহাম্মদ শামি।
অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আরও বেশ কয়েকজন ভারতীয় ক্রিকেটার—কিছুদিন আগে ভারতের প্রধান কোচের দায়িত্ব ছাড়া রাহুল দ্রাবিড় এবং কিংবদন্তি সুনীল গাভাস্কারও ছিলেন সেখানে। এই অনুষ্ঠানে রোহিত সম্পর্কে একটা রহস্যজনক তথ্য দিয়েছেন শামি। ভারতের মিডল অর্ডার ব্যাটসম্যান শ্রেয়াস আইয়ারও শামির কথাতে জুগিয়েছেন সমর্থন।
মাঠে খেলোয়াড়েরা সেরাটা না দিতে পারলে রোহিত প্রায়ই প্রতিক্রিয়া দেখান। মুখে কিছু না বলে নানা অঙ্গভঙ্গিতে প্রতিক্রিয়াটা দেখান ভারত অধিনায়ক। শামি জানিয়েছেন, মুখে কিছু না বললেও এসবের মানে ঠিকই ধরতে পারেন তাঁর সতীর্থ ক্রিকেটাররা।
সেরা ওয়ানডে বোলারের পুরস্কার পাওয়া শামি রোহিত সম্পর্কে বলেছেন, 'রোহিতের সবচেয়ে ভালো বিষয় হচ্ছে সে আপনাকে স্বাধীনতা দেয়। তবে আপনি যদি তার প্রত্যাশা মেটাতে না পারেন, তার মধ্যে অল্পবিস্তর প্রতিক্রিয়া দেখা যায়। রোহিত আপনাকে তখন বলবে, তোমার এটা করা উচিত, ওটা করা উচিত ছিল। এরপরও যদি আপনি তার প্রত্যাশা মেটাতে না পারেন, রোহিতের প্রতিক্রিয়া তো স্ক্রিনে দেখাই যায়। রোহিত কোনো কথা না বললেও আমরা অনেকে এর অর্থ বুঝি।'
অনুষ্ঠানে শামি কথা বলার পর মাইক্রোফোন দেওয়া হয় আইয়ারের হাতে। আইয়ার বলেন, 'শামি ভাই সঠিক কথা বলেছেন। আমরা শুধু আন্দাজ করে নিই, এই মুহূর্তে রোহিত ভাই কাকে বলছেন, কার সম্পর্কে বলছেন। আমরা রোহিত ভাইয়ের অনুভূতি বুঝতে পারি, একসঙ্গে অনেক বছর ধরে খেলেছি আমরা।'
এসব রহস্যজনক কথা শুনে মঞ্চে দাঁড়ানো রোহিত চুপ থাকেননি। তাঁর ভাষ্য, 'আমি খেলোয়াড়দের বলি নিজেদের মতো হতে। এটা বলার আগে আমাকে আমার মতো হতে হবে। এটাই আমি।'
শামি অনেক দিন ধরেই মাঠের বাইরে। সর্বশেষ গত বছরের অক্টোবর-নভেম্বরে ভারতে অনুষ্ঠিত ওয়ানডে বিশ্বকাপে খেলেছিলেন। বিশ্বকাপে ২৪ উইকেট নিয়ে সর্বোচ্চ উইকেটশিকারি ছিলেন তিনি। এ বছরের ফেব্রুয়ারিতে তাঁর পায়ে সফল অস্ত্রোপচার হয়। এর পর থেকেই পুনর্বাসন প্রক্রিয়ার মধ্য দিয়ে যাচ্ছেন। এ সময়ে তিনি আইপিএল ও টি-টোয়েন্টি বিশ্বকাপের মতো টুর্নামেন্ট মিস করেছেন। সেপ্টেম্বরে বাংলাদেশ সিরিজ দিয়ে আবার ক্রিকেটে ফিরতে পারেন শামি।

# স্মিথকে ওপেনিংয়ে খেলানো পাগলামি: হেইডেন



**আপনজন ডেস্ক:** টেস্ট ক্রিকেটের অন্যতম সেরা একজন ব্যাটার স্টিভেন স্মিথ। ৩ এবং ৪ নম্বর পজিশনে তার গড়টাও ঈর্ষণীয়। চারে ৬১.৫০ গড়ের বিপরীতে তিনে ৬৭.০৭। কিন্তু স্বপ্নের মতো এমন গড়ের পরও নতুন চ্যালেঞ্জ নিতে ওপেনিং নামা শুরু করেছেন অস্ট্রেলিয়ান ব্যাটার।
অস্ট্রেলিয়ার কিংবদন্তি ওপেনার ডেভিড ওয়ার্নারের বিদায়ের পর জায়গাটা পেয়েছেন স্মিথ।
ইতিমধ্যে আট ইনিংসে ব্যাট করে শুধুম একটি ফিফটি পেয়েছেন তিনি। ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে অপরাজিত ৯১ রানের ইনিংসটির পর তার দ্বিতীয় সর্বোচ্চ হচ্ছে ৩১ রান। সব মিলিয়ে ২৮.৫০ গড়ে করেছেন ১৭১ রান।
স্মিথের মতো একজন ব্যাটারের এমন গড় তাই মেনে নিতে পারছেন না ম্যাথু হেইডেন।
অস্ট্রেলিয়ার বিধ্বংসী এই ওপেনার তাই মনে করেন, স্মিথকে আবারও ওপেনিংয়ে দেখাটা হবে পাগলামি।
মুম্বাইতে সিইএট ক্রিকেট রেটিং পুরস্কার অনুষ্ঠানে এমনটি জানিয়েছেন দুইবারের ওয়ানডে বিশ্বকাপজয়ী ব্যাটার।
স্মিথের ব্যাটিং অর্ডার বদল নিয়ে হেইডেন বলেছেন, 'ব্যক্তিগতভাবে ব্যাটিং অর্ডারে বদল পছন্দ করি না।
আমি মনে করি, এটা পাগলামি। নির্দিষ্ট পজিশনের একজন সেরা ব্যাটারের ব্যাটিং অর্ডার বদল করাটা। সেটিও আবার সম্পূর্ণভাবে ভিন্ন এক পজিশনে। বেশ কিছু কারণে তাই এটা আমার কাছে পাগলামি। প্রথমত, কেন? নির্দিষ্ট পজিশনের সেরা ব্যাটারকে বদলানো হলো।' মিডল অর্ডার এবং ওপেনিং ব্যাটারের ভূমিকা একদম সম্পূর্ণ বিপরীত বলে মনে করেন হেইডেন।

# প্রিমিয়ার লিগে দিন দিন বাড়ছে খাটো খেলোয়াড়দের সংখ্যা




**আপনজন ডেস্ক:** ইংলিশ প্রিমিয়ার লিগে খাটো ফুটবলারদের সংখ্যা দিন দিন বেড়েই চলেছে। ব্রিটিশ সংবাদমাধ্যম মেইল অনলাইনকে এ তথ্য জানিয়েছেন লেস্টার বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক জন উইলিয়ামস। ফুটবলবিষয়ক বই 'ফুটবল নেশন: সিক্সটি ইয়ার্স অব দ্য বিউটিফুল গেম' লিখে জনপ্রিয়তা পাওয়া উইলিয়ামস বলেছেন, 'ইংলিশদের খেলায় ইংলিশদের প্রভাব কমে যাচ্ছে। প্রিমিয়ার লিগ আসার আগে ব্রিটেনে স্বকীয় ফুটবলশৈলী প্রতিষ্ঠিত হয়েছিল, যা এখনো খেলোয়াড়দের বুদ্ধিমত্তা, গতি ও চতুরতার চেয়ে স্পষ্টতা ও শারীরিকতাকে সমর্থন করে।' উইলিয়ামস প্রিমিয়ার লিগের যে তথ্য-উপাত্ত উপস্থাপন করেছেন, সেখানে দেখা গেছে, ফুটবলারদের উচ্চতা সাম্প্রতিক বছরগুলোতে সংকুচিত হয়েছে। তাঁর ধারণা, ক্লাবগুলো ইংল্যান্ডের ঐতিহ্যবাহী ফুটবলশৈলী থেকে সরে আসাতেই এমনটা হয়েছে। ইংল্যান্ডের শীর্ষ স্তরের লিগকে ঢেলে সাজানোর পর ১৯৯২ সালে ইংলিশ প্রিমিয়ার লিগ নামকরণ করা হয়। প্রথম মৌসুমে খেলোয়াড়দের গড় উচ্চতা ছিল ১৮০.৬ সেন্টিমিটার (৫ ফুট ১১.১ ইঞ্চি)। ২০১১ সাল এটি বেড়েছিল। সে বছর খেলোয়াড়দের গড় উচ্চতা ছিল সর্বোচ্চ ১৮৩.১ সেন্টিমিটার (৬ ফুট ০.০৯ ইঞ্চি)। কিন্তু এর পর থেকে খাটো খেলোয়াড়ের সংখ্যা বেড়েই চলেছে। গত মৌসুমে ২০ ক্লাবের স্কোয়াডের গড় উচ্চতা ছিল ১৮২.৫ সেন্টিমিটার (৫ ফুট ১১.৮ ইঞ্চি)। উইলিয়ামস আরও জানিয়েছেন, প্রিমিয়ার লিগে বিদেশি খেলোয়াড়ের সংখ্যা বেড়ে যাওয়া, রেফারিং পদ্ধতিতে পরিবর্তন ও খেলার ধরনেরও (প্রভাব বিস্তার করে খেলা) দৃশ্যত পরিবর্তন এসেছে। এ ক্ষেত্রে পেপ গার্দিওলার প্রভাব দেখছেন সমাজবিজ্ঞানের এই শিক্ষক। গার্দিওলার অধীন সর্বশেষ সাত মৌসুমের ছয়বারই চ্যাম্পিয়ন হয়েছে ম্যানচেস্টার সিটি। তাঁর সূক্ষ্ম ব্র্যান্ডের ফুটবল ও বলের দখলভিত্তিক কৌশলকে কোনোভাবেই এড়িয়ে যাওয়া সম্ভব নয় বলে মনে করেন উইলিয়ামস, 'পেপ (গার্দিওলা) ও অন্যদের প্রভাবে খেলার স্বাভাবিক গতি কমে গেছে। খেলাটা এখন অনেকাংশেই বলের দখলভিত্তিক হয়ে উঠেছে। বিদেশি খেলোয়াড়েরা আরও ফিট ও শক্তিশালী হয়ে উঠেছে। ফলে পুরোনো ব্রিটিশ কৌশলগুলো এতটা স্বতন্ত্র বা কার্যকর মনে হয় না।' ১৯৯২ সাল থেকে এখন পর্যন্ত প্রিমিয়ার লিগে ৫১টি ক্লাব খেলেছে। এর মধ্যে ম্যানচেস্টার সিটি খেলোয়াড়েরা গড় উচ্চতায় তলানির দিক থেকে ১৩ নম্বরে আছেন। দলটির খেলোয়াড়দের গড় উচ্চতা ১৮১.৪ সেন্টিমিটার (৫ ফুট ১১.৪ ইঞ্চি)। বর্তমানে সিটির সবচেয়ে লম্বা খেলোয়াড় আর্লিং হলান্ড। নরওয়েজীয় এই স্ট্রাইকারের উচ্চতা ১৯৫ সেন্টিমিটার (৬ ফুট ৪ ইঞ্চি)। গত মৌসুমে তিনিই ছিলেন লিগের সর্বোচ্চ গোলদাতা। পুরুষদের উচ্চতা কমে যাওয়ার ঘটনা শুধু প্রিমিয়ার লিগ খেলোয়াড়দের ক্ষেত্রেই নয়; বৈশ্বিক জনসংখ্যায় 'ট্রেন্ড' হয়ে উঠেছে। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়-সমর্থিত তথ্য-উপাত্তের ওয়েবসাইট 'আওয়ার ওয়ার্ল্ড ইন ডেটা' বলছে, যেসব পুরুষ ১৯৮০ সালে জন্মেছেন, তাঁদের গড় উচ্চতা ১৮ বছর বয়সে সর্বোচ্চ ১৭১.৮ সেন্টিমিটার (৫ ফুট ৬.৩ ইঞ্চি) ছিল। তবে ১৯৮০ সালের পর যাঁরা জন্মেছেন, তাঁদের গড় উচ্চতা ১৮ বছর বয়সে গিয়ে কমতে কমতে ১৭১.২৮ সেন্টিমিটারে (৫ ফুট ৬ ইঞ্চি) ঠেকেছে।

# কলকাতা লিগের ম্যাচ স্থগিত




**আপনজন ডেস্ক:** শুক্রবার মোহনবাগান সুপার জায়ান্টের জোড়া ম্যাচ হওয়ার কথা ছিল। প্রথমে কলকাতা ফুটবল লিগে রেলওয়ে এফসি-র বিরুদ্ধে ম্যাচ, তারপর জামশেদপুরে ডুরান্ড কাপ কোয়ার্টার ফাইনালে পাঞ্জাব এফসি-র মুখোমুখি হওয়ার কথা ছিল সবুজ-মেরুন ব্রিগেডের। কলকাতা ফুটবল লিগ ও ডুরান্ড কাপে মোহনবাগান সুপার জায়ান্টের আলাদা দল খেলছে। কিন্তু তা সত্ত্বেও একই দিনে দুই শহরে ম্যাচ থাকায় কলকাতা লিগের ম্যাচ স্থগিত করে দিল আইএফএ। পরিবর্তিত সূচি পরে ঘোষণা করা হবে বলে জানিয়েছে আইএফএ। চলতি কলকাতা লিগে গ্রুপ বি-তে ৯ ম্যাচ খেলে ১৩ পয়েন্ট নিয়ে ৭ নম্বরে মোহনবাগান সুপার জায়ান্ট। সুপার সিক্সের যোগ্যতা অর্জন করা বেশ কঠিন। ফলে সমস্যায় রয়েছে সবুজ-মেরুন শিবির। এই পরিস্থিতিতে কলকাতা লিগের ম্যাচ স্থগিত হয়ে যাওয়া মোহনবাগান সুপার জায়ান্টের পক্ষে ভালো। পরের ম্যাচে সিনিয়র দলের কয়েকজনকে খেলাতে পারে সবুজ-মেরুন ব্রিগেড। গতবার চ্যাম্পিয়ন হওয়ার পর এবারও ডুরান্ড কাপে ভালো পারফরম্যান্স দেখাচ্ছে মোহনবাগান সুপার জায়ান্ট। গ্রুপের শীর্ষে থেকেই কোয়ার্টার ফাইনালে পৌঁছে গিয়েছেন জেসন কামিংসরা। প্রথম ম্যাচে ডাউনটাউন হিরোজ এফসি এবং দ্বিতীয় ম্যাচে ইন্ডিয়ান এয়ার ফোর্স ফুটবল টিমকে হারিয়ে দেয় মোহনবাগান সুপার জায়ান্ট। কলকাতা ডার্বি বাতিল হয়ে যাওয়ায় এক পয়েন্ট পায় হোসে মলিনার দল। এবার নক-আউটের লড়াইয়ে সবুজ-মেরুন ব্রিগেড। এবারের ডুরান্ড কাপে ভালো পারফরম্যান্স দেখাচ্ছে পাঞ্জাব এফসি। তবে মোহনবাগান সুপার জায়ান্টের প্রধান কোচ মলিনা কোয়ার্টার ফাইনাল ম্যাচে জয়ের ব্যাপারে আত্মবিশ্বাসী। তিনি নিজের দলের ফুটবলারদের উপর ভরসা রাখছে। দল ভালো পারফরম্যান্স দেখিয়ে সেমি-ফাইনালে পৌঁছে যাবে বলে আত্মবিশ্বাসী মলিনা।







মুদ্রক, প্রকাশক ও স্বত্বাধিকারী জাইদুল হক কর্তৃক ৯৪/২ কলিন স্ট্রিট, কলকাতা-৭০০০১৬ থেকে প্রকাশিত ও সমর প্রিন্টেক, ২৯ তপসিয়া রোড সাউথ, কলকাতা-৭০০০৪৬ থেকে মুদ্রিত। **সম্পাদকীয় দফতর:** আপনজন পাবলিকেশন, ৬ কিড স্ট্রিট, কলকাতা-৭০০০১৬। সম্পাদক: **জাইদুল হক।**
Printed, Published and owned by Zaidul Haque, Published from 94/2 Collin Street, Kolkata-700016, Printed at Samar Printech, 29 Topsia Road South, Kolkata-700046. **Editorial Office:** 6 Kyd Street, Kolkata-700016. M: 9748892902 **Editor: Zaidul Haque**